আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর স্মরণ কর, যখন আল্লাহ বলবেন, হে ঈসা! আমি তোমাকে নিয়ে নেবো এবং তোমাকে নিজের দিকে তুলে নিবো-কাফেরদের থেকে তোমাকে পবিত্র করে দেবো।
সূরা আল ইমরান ৫৫

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৫ জুলাই ২০২৬ ॥ ৩০ মহররম ১৪৪৮ ॥ ৩০ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

উদ্যোক্তাদের পাশে থাকার প্রতিশ্রুতি প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক
দেশের তরুণ উদ্যোক্তা ও সম্ভাবনাময় স্টার্টআপগুলোর জন্য সরকার সবসময় পাশে থাকবে বলে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের পড়ার টেবিলে ফেরার আহ্বান শিক্ষামন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক
শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেন, 'আমি শিক্ষার্থীদের অনুরোধ করবো, তারা যেন যার যার পড়ার ২ এর পাতায় দেখুন



লক্ষণ খুব ভালো নয়: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক
বর্তমানে দেশের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ২ এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ চার মন্ত্রীর পরিবর্তন চান নাসীরুদ্দীন পাটওয়ারী

কীর্তনখোলা ডেস্ক
দেশের চার মন্ত্রণালয়ে গতিশীলতা আনতে মন্ত্রী পরিবর্তনের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের 'পোল্ট্রি মুরগি' বলায়
শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ ছয় দাবিতে ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট
শিক্ষার্থীদের 'পোল্ট্রি (ব্রয়লার) মুরগি' বলে মন্তব্য করার অভিযোগে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগ দাবিতে বরিশাল-ঢাকা মহাসড়ক অবরোধ করেছেন বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা। এ সময় তারা 'আমি কে, তুমি কে, মুরগি মুরগি' স্লোগান দেন। শিক্ষার্থীদের অবরোধের কারণে বরিশাল-ঢাকা মহাসড়কে প্রায় ১০ কিলোমিটারজুড়ে যানজটের সৃষ্টি হয়। এতে দূরপাল্লার যাত্রী ও পরিবহন শ্রমিকরা চরম দুর্ভোগে পড়েন। মঙ্গলবার (১৪ জুলাই) দুপুরে বরিশাল শিক্ষা বোর্ডের সামনে মহাসড়ক অবরোধ করেন তারা। টানা বৃষ্টি ও জলাবদ্ধতার মধ্যেও সোমবার এইচএসসি পরীক্ষা নেওয়া এবং প্রশ্নপত্র অতীতের তুলনায় কঠিন হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন আন্দোলনরত শিক্ষার্থীরা। একই সঙ্গে তারা ছয় দফা দাবি ঘোষণা করেন। আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলনের একের পর এক ত্রুটিপূর্ণ সিদ্ধান্তের কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে এইচএসসি ২০২৬ ব্যাচ। দীর্ঘ আট বছর পর পূর্ণ সিলেবাসে পরীক্ষা হলেও প্রশ্নপত্রের মান ও পরীক্ষার সূচি শিক্ষার্থীদের জন্য অযৌক্তিক হয়ে দাঁড়িয়েছে। শিক্ষার্থীদের অভিযোগ, পদার্থবিজ্ঞান প্রথমপত্র, হিসাববিজ্ঞান ও যুক্তিবিদ্যার পরীক্ষার মধ্যে মাত্র এক দিনের বিরতি দেওয়া হয়েছে, যা কোনোভাবেই পর্যাপ্ত নয়। এতে তারা শারীরিক ও মানসিক চাপে পড়েছেন। তাদের দাবি, তারা অটোপাস বা সিলেবাস ২ এর পাতায় দেখুন

বন্যা ও পাহাড়ধসে মৃত্যু বেড়ে ৫৬ প্লাবিত ৫৯ উপজেলা

কীর্তনখোলা ডেস্ক
দেশের সাত জেলায় চলমান বন্যা, অতিবৃষ্টি, পাহাড়ি ঢল ও পাহাড়ধসে মৃতের সংখ্যা বেড়ে ৫৬ জনে দাঁড়িয়েছে। একই সঙ্গে আহত হয়েছেন আরও ৩৯ জন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, এখনো ৫৯টি উপজেলা এবং ৩৩৪টি ইউনিয়ন ও ১২টি পৌরসভা বন্যার প্রভাবে ক্ষতিগ্রস্ত রয়েছে। মঙ্গলবার (১৪ জুলাই) বিকেল ৪টায় প্রকাশিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, বন্যাকবলিত জেলার সংখ্যা ৭টি। এগুলো হলো খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার, চট্টগ্রাম, মৌলভীবাজার ও হবিগঞ্জ। সবচেয়ে বেশি প্রাণহানির ঘটনা ঘটেছে কক্সবাজারে। জেলাটিতে ৩১ জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে ১৮ জন স্থানীয় বাসিন্দা এবং ১৩ জন রোহিঙ্গা। এছাড়া চট্টগ্রামে ২ এর পাতায় দেখুন

পরিকল্পনার অভাবে ভোলায় ৩০ বছর ধরে পড়ে আছে বিপুল গ্যাস

ভোলা প্রতিনিধি
চাহিদার চেয়ে বেশি উৎপাদন ক্ষমতা নিয়ে শিল্প প্রতিষ্ঠানের অপেক্ষায় বসে আছে বিতরণকারী প্রতিষ্ঠান সুন্দরবন গ্যাস কোম্পানি। এতে উন্নয়ন থেকে বঞ্চিত হচ্ছেন ভোলাবাসী, থমকে আছে বিপুল সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনাও। তবে সম্প্রতি ভোলায় শিল্পপার্ক স্থাপনে প্রধানমন্ত্রীর ঘোষণায় নতুন করে গ্যাসভিত্তিক উন্নয়নের স্বপ্ন দেখছেন দ্বীপবাসী। তারা বিগত দিনের মতো আশ্বাসে সীমাবদ্ধ না থেকে এই ঘোষণার দ্রুত বাস্তবায়ন চান। তিন দশক আগে ১৯৯৫ সালে ভোলার বোরহানউদ্দিনে শাহবাজপুর গ্যাসক্ষেত্র আবিস্কার করে বাপেক্স। সেখানে মজুত আছে প্রায় দুই টিসিএফ গ্যাস। দীর্ঘ ১৪ বছর পর ২০০৯ সালে শুরু হয় সেই গ্যাসের বাণিজ্যিক ২ এর পাতায় দেখুন

ছাতা মাথায় এইচএসসি নয়, ভিডিওটি মাদরাসার অর্ধবার্ষিক পরীক্ষার

কীর্তনখোলা রিপোর্ট
দেশের কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করায় চলমান এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত রাখার দাবি ওঠে শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন মহল থেকে। তবে অভিন্ন প্রশ্নপত্র ব্যবস্থায় একটি বোর্ডের কারণে সব বোর্ডের পরীক্ষা স্থগিত রাখা বাস্তবসম্মত নয় বলে জানিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড। তবে বৈরী পরিবেশে দেশের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতার কারণে পরীক্ষার্থীদের চরম ভোগান্তিতে পড়তে হয়। কোথাও কোমরসমান পানি পেরিয়ে, কোথাও নৌকা ও ভ্যানে চড়ে পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে হয়েছে শিক্ষার্থীদের। এরই প্রেক্ষিতে ছাতা মাথায় শিক্ষার্থীরা এইচএসসি পরীক্ষা দিচ্ছে শীর্ষক দাবিতে একটি ভিডিও গণমাধ্যমসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হয়েছে। রিউমর স্ক্যানার টিমের অনুসন্ধানে জানা যায়, ছাতা মাথায় এইচএসসি পরীক্ষা নয় বরং ২ এর পাতায় দেখুন

আগামী ১৮ জুলাই ১১ দলীয় ঐক্যের উদ্যোগে আয়োজিত বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে নগরীতে লিফলেট বিতরণ করা হচ্ছে -কীর্তনখোলা

হাম ও উপসর্গে আরও ৭ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
দেশে নতুন করে নিশ্চিত হাম ও হামের উপসর্গ নিয়ে ৭ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে ৯৯০ শিশু হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে। মঙ্গলবার (১৪ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। সেইসঙ্গে ২ এর পাতায় দেখুন

ভাঙ্গা-কুয়াকাটা ৬ লেনের ঘোষণা না আসায় দক্ষিণাঞ্চলে মিশ্রপ্রতিক্রিয়া

বাবুগঞ্জ প্রতিনিধি
প্রধানমন্ত্রীর বরিশাল সফরে ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ককে ৬ লেনে উন্নীত করার ঘোষণা আসবে, এমন প্রত্যাশা ছিল দক্ষিণাঞ্চলের মানুষের। তবে এ বিষয়ে কোনো ঘোষণা না আসায় বরিশালসহ দক্ষিণাঞ্চলে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। যদিও সরকারদলীয় নেতারা বলছেন, ঘোষণার চেয়ে প্রকল্পের বাস্তবায়নই সরকারের অগ্রাধিকার। সোমবার বিকেলে বরিশাল শিল্পকলা একাডেমিতে জেলা ও মহানগর বিএনপির নেতাকর্মীদের সঙ্গে সাংগঠনিক সভায় বক্তব্য দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর আগে তিনি বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন এবং দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন। তবে ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেনে উন্নীত করার বিষয়ে কোনো ঘোষণা দেননি। সভায় প্রধানমন্ত্রী বলেন, ঘোষণার মাধ্যমে নয়, বাস্তব কাজের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করতে চাই। এ বক্তব্যের পরও মহাসড়কটি নিয়ে নির্দিষ্ট ঘোষণা না আসায় স্থানীয়দের একাংশের প্রত্যাশা অপূর্ণ থেকে গেছে। বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনের সংসদ সদস্য এস শরফুদ্দিন আহমেদ সান্টু বলেন, দক্ষিণাঞ্চলের উন্নয়নে প্রধানমন্ত্রীর আন্তরিকতা রয়েছে। ঘোষণা না এলেও বাস্তবায়নের মাধ্যমে এ অঞ্চলের মানুষের প্রত্যাশা ২ এর পাতায় দেখুন

এক হাজার ইয়াবাসহ ধরা পড়া রোহিঙ্গা তরুণীর ৩ বছরের দণ্ড

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে এক হাজার পিস ইয়াবাসহ গ্রেফতার হওয়া জাহিদা বেগম (২০) নামে এক রোহিঙ্গা তরুণীকে ৩ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ১০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ২ মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেয়া হয়েছে। গতকাল মঙ্গলবার (১৪ জুলাই) বরিশালের অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম এস এম শরিয়ত উল্লাহ জনাকীর্ণ আদালতে এই রায় ঘোষণা করেন।

সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী (পেশকার) আবদুর রহমান রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন। দণ্ডপ্রাপ্ত জাহিদা বেগম কক্সবাজারের টেকনাফ উপজেলার 'নোয়াপাড়া রোহিঙ্গা ক্যাম্প'এর এইচ ব্লকের ২ এর পাতায় দেখুন

জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ হোন: বাবর

কীর্তনখোলা রিপোর্ট
গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদুর্ভোগ নিরসন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং দীর্ঘদিন ধরে অবহেলিত দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের দাবিতে আগামী ১৮ জুলাই বরিশালের হেমায়েত উদ্দিন কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে দুপুর ২টায় ১১ দলীয় ঐক্যের উদ্যোগে আয়োজিত বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী, বরিশাল মহানগরীর কোতয়ালী উত্তর থানা ব্যাপক লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি পালন করেছে। লিফলেট বিতরণকালে নেতৃবৃন্দ সাধারণ মানুষের হাতে সমাবেশের আহ্বানপত্র তুলে দেন এবং উক্ত সমাবেশের লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্ব তুলে ধরে সর্বস্তরের জনগণকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহ্বান জানান। তারা বলেন, জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা, গণভোটের গণরায়ের বাস্তবায়ন, দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ ২ এর পাতায় দেখুন

গলায় ফাঁস দিয়ে ৬ষ্ঠ শ্রেণির স্কুলছাত্রীর আত্মহত্যা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় পারিবারিক কলহের কারণে এক স্কুলছাত্রী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলার রাজিহার ইউনিয়নের ছোট বাশাইল গ্রামের কালাম মোল্লার মেয়ে বাশাইল মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী কাকলী আক্তার (১৩) তার ২ এর পাতায় দেখুন

মুলাদীতে রাস্তা বন্ধ করে দেয়ায় বিপাকে দুইশ পরিবার

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদী উপজেলার সদর ইউনিয়নের বজায়শুলী গ্রামের চলাচলের একমাত্র রাস্তাটি বন্ধ করে দেওয়ায় বিপাকে পড়েছে প্রায় দুই শতাধিক পরিবার। বিকল্প কোনো পথ না থাকায় তারা খাসেরহাট গুচ্ছগ্রাম এলাকার একটি ঢালাই ব্রিজের নিচ দিয়ে চলাচল করতে বাধ্য হচ্ছে। মাথার ঠিক ওপরে কংক্রিটের গার্ডার আর পাশেই খালের পানিড়এমন চরম ঝুঁকিপূর্ণ পথ দিয়েই প্রতিদিন যাতায়াত করছেন নারী, শিশু ও বৃদ্ধসহ শত শত মানুষ। জানা গেছে, খাসেরহাট গুচ্ছগ্রাম ঢালাই সেতু থেকে উত্তর দিকে বজায়শুলী গ্রাম পর্যন্ত রাস্তাটি গেছে। বজায়শুলী গ্রামের মৃত মোসলেম সরদারের ছেলে মোস্তফা সরদার ও তাঁর লোকজন চলাচলের মূল রাস্তাটি শুকনা নারিকেল পাতা ও বাঁশের বেড়া দিয়ে আটকে দিয়েছেন। এতে গ্রামের প্রায় দুই শতাধিক পরিবার প্রায় এক বছর ধরে ভোগান্তি পোহাচ্ছে। বজায়শুলী গ্রামের জিয়াউর রহমান শরীফ জানান, 'আমাদের চলাচলের আর কোনো পথ নেই। বাধ্য হয়ে আমাদের ২ এর পাতায় দেখুন



দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

গুরুত্বপূর্ণ চার মন্ত্রীর

মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। মঙ্গলবার (১৪ জুলাই) সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ দাবি জানান। পোস্টে এনসিপির এই শীর্ষ নেতা লিখেছেন, দেশের অর্থনীতি, স্বাস্থ্য, শিক্ষা ও অভ্যন্তরীণ নিরাপত্তা খাতকে আরও গতিশীল করতে অর্থমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী- এই চারজনকে পরিবর্তন করা উচিত। উল্লেখ্য, বিভিন্ন সময়ে নানা মন্তব্য করে সবসময় আলোচনায় থাকেন নাসীরুদ্দীন পাটওয়ারী। সর্বশেষ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসনে বিএনপির প্রার্থী মির্জা আব্বাসের সাথে প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হন তিনি।

লক্ষণ খুব ভালো নয়

ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বিষয়টিকে খুব ভালো লক্ষণ নয় বলেও মন্তব্য করেন তিনি। মঙ্গলবার (১৪ জুলাই) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে এ মন্তব্য করেন জামায়াত আমির। ফেসবুক পোস্টে ডা. শফিকুর রহমান লেখেন, ?'চট্টগ্রাম নগরীতে এক ইন্টারনেট ব্যবসায়ীর প্রতিষ্ঠানে ঢুকে তাণ্ডব চালানো দুর্বৃত্তদের সামাজিক ও রাজনৈতিক পরিচয় থাকলে তা প্রকাশ করুন। তাদের পাকড়াও করে আইনের আওতায় আনুন। জানি না, কঠিন শাস্তির বিধান হবে কি না। লক্ষণ খুব ভালো নয়।' তিনি আরও লেখেন, 'জনগণকেই এখন নিজেদের আত্মরক্ষার জন্য সব ধরনের ব্যবস্থা নিতে হবে। কারণ, সরকার কোনো কার্যকর নিরাপত্তা দিতে পারছে না। একের পর এক অভিনব ঘটনা ঘটেই চলছে। এদের খুঁটির জোর কোথায়?' সোমবার দুপুরে চট্টগ্রাম নগরের চকবাজার থানার চন্দনপুরা-বাকলিয়া অ্যাকসেস সড়কের ডিজিটাল ডটনেট (ডিডিএন) কার্যালয়ে হামলার ঘটনা ঘটে। দুই কোটি টাকা চাঁদা দাবি করে তা না পেয়ে ওই ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানে দিনদুপুরে হামলা, ভাঙচুর ও ৩৫ লাখ টাকা লুটের অভিযোগ ওঠে। পুলিশের দাবি, বিদেশে পলাতক সন্ত্রাসী সাজ্জাদ আলীর অনুসারীরা এ হামলার সঙ্গে জড়িত। তাদের শনাক্ত করে গ্রেফতারের চেষ্টা চলছে।

শিক্ষার্থীদের পড়ার টেবিলে

টেবিলে ফিরে যায়। তাদের চেয়েও আমরা বেশি উদ্বিগ্ন কীভাবে সুষ্ঠুভাবে পরীক্ষা নেওয়া যায় এবং দুর্যোগ পরিস্থিতি মোকাবিলা করা যায়, তা নিয়ে কাজ করছি আমরা। আমি আবারও আশ্বস্ত করছি, যেসব পরীক্ষাকেন্দ্রে ভুলত্রুটি হয়েছে, সেখানে পুনঃপরীক্ষা নেওয়ার ব্যবস্থাও রয়েছে।' মঙ্গলবার (১৪ জুলাই) জাতীয় সংসদে পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন শিক্ষামন্ত্রী। শিক্ষামন্ত্রী বলেন, বর্ষা মৌসুমে এইচএসসি ও সমমানের পরীক্ষা আয়োজন নিয়ে সরকার শুরু থেকেই সতর্ক ছিল এবং সার্বক্ষণিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। কোথাও পরীক্ষাকেন্দ্রে পানি উঠলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী কেন্দ্রও পরিবর্তন করা হয়েছে। স্থানীয় প্রশাসনকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। এ পর্যন্ত কুমিল্লা সরকারি কলেজই ছিল ব্যতিক্রম, যেখানে কলেজ মাঠ পানিতে তলিয়ে গিয়েছিল। অন্যান্য প্রতিষ্ঠানে পানি উঠলেও তা গুরুতর ছিল না। যেসব কেন্দ্রে সমস্যা হয়েছে, সেগুলো পরিবর্তন করা হয়েছে।' তিনি বলেন, যেসব শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের ক্ষতি পুষিয়ে দেওয়া কঠিন নয়। আমরা অনেক জায়গায় পরীক্ষা স্থগিত করেছি এবং সেসব পরীক্ষা আবার নেওয়া হবে। কোনো প্রতিষ্ঠানে পানি ওঠার কারণে কেউ পরীক্ষা দিতে না পারলে প্রয়োজন হলে পুনঃপরীক্ষাও (রি-এক্সাম) নিতে পারি। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে আমরা এরই মধ্যে এ ব্যবস্থা নিয়েছি এবং প্রয়োজন হলে অন্য ক্ষেত্রেও নেওয়া হবে।

উদ্যোক্তাদের পাশে থাকার

তারেক রহমান। তিনি বলেছেন, নতুন কিছু করার পথ সহজ নয়, তবে সরকার সর্বোচ্চ শক্তি দিয়ে উদ্যোক্তাদের সহযোগিতা করবে। যাতে তারা নিজেদের উদ্যোগের মাধ্যমে দেশ ও মানুষের কল্যাণে অবদান রাখতে পারেন। মঙ্গলবার (১৪ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব আলী চৌধুরী সিনেট হলে আয়োজিত 'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আপনারা যারা এখানে নতুন উদ্যোক্তা বা সম্ভাব্য উদ্যোক্তা রয়েছেন, যারা এগিয়ে আসতে চাচ্ছেন, যারা কিছু করতে চাচ্ছেন আপনাদের শুধু একটা কথা বলি আপনারা যেটা করতে চাইছেন, এটা খুব সহজ কাজ নয়, খুবই কঠিন। কিন্তু আপনি পারবেন যদি আপনার ইচ্ছা থাকে। তিনি বলেন, উদ্যোক্তাদের অনেক প্রতিকূলতার মধ্য দিয়ে যেতে হবে। তবে সরকারের পক্ষ থেকে তাদের সর্বাত্মক সহযোগিতা থাকবে। তিনি আরও বলেন, এই মুহূর্তে সরকারের অবস্থান থেকে আমি বলতে পারি, আমরা আছি আপনাদের সঙ্গে, আপনাদের হেল্প করার জন্য, পথ দেখানোর জন্য। আপনাদের পাশে দাঁড়ানোর জন্য আমরা আছি। কতটুকু পারবো আমি জানি না, কিন্তু আমরা আছি, যতটুকু পারবো সর্বোচ্চ শক্তি দিয়ে আপনাদের পাশে থাকার চেষ্টা করবো, ইনশাআল্লাহ। তরুণ উদ্যোক্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, তারা শুধু নিজেদের জন্য নয়, দেশের লাখো-কোটি মানুষের জন্য গুরুত্বপূর্ণ। তাদের উদ্ভাবন, উদ্যোগ ও সৃজনশীলতা বাংলাদেশের অর্থনীতি ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বলেন, আপনারা আজকে যারা উদ্যোক্তা হবেন, যারা হতে চাইছেন, যারা হয়ে গিয়েছেন এবং এগিয়ে গিয়ে যারা মানুষ, সমাজ ও সামগ্রিকভাবে দেশের উপকার করছেন, আপনাদের প্রয়োজন। নিজের জন্য আপনাদের প্রয়োজন না, আপনাদের প্রয়োজন লাখো-কোটি মানুষের জন্য, আপনাদের প্রয়োজন এই দেশের জন্য। বক্তব্যে প্রধানমন্ত্রী নিজের জীবনের সংগ্রামের কথাও তুলে ধরে বলেন, দীর্ঘ সময় মানসিক ও শারীরিক নির্যাতন, অপমান এবং নানা প্রতিকূলতার মধ্য দিয়ে তাকে এগিয়ে আসতে হয়েছে। সেই অভিজ্ঞতা থেকেই তিনি তরুণদের কঠিন সময়েও হাল না ছাড়ার আহ্বান জানান। দেশের ভবিষ্যৎ নিয়ে আশাবাদ ব্যক্ত করে তারেক রহমান বলেন, সম্প্রতি বিভিন্ন উদ্ভাবনী আয়োজন, স্কুলশিক্ষার্থীদের অংশগ্রহণ এবং স্টার্টআপ উদ্যোক্তাদের কাজ দেখে তার আত্মবিশ্বাস আরও বেড়েছে। তিনি বিশ্বাস করেন, আগামী প্রজন্ম বাংলাদেশের নেতৃত্ব নিয়ে দেশকে আরও এগিয়ে নিয়ে যাবে।

মুলাদীতে রাস্তা বন্ধ করে

খাসেরহাট কাঠেরপুল এলাকার ঢালাই ব্রিজের একদম নিচ দিয়ে জীবনের ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হচ্ছে।' সরেজমিনে দেখা যায়, মূল রাস্তাটি বন্ধ থাকায় গ্রামবাসী খাসেরহাট গুচ্ছগ্রাম এলাকার ঢালাই সেতুর নিচের ফাঁকা অংশ দিয়ে যাতায়াত করছে। সেতুর নিচের নিচু ও অন্ধকারাচ্ছন্ন এই কর্দমাক্ত পথ দিয়ে পিঠ সোজা করে হাঁটাও কষ্টকর। যেকোনো মুহূর্তে মাথায় আঘাত পাওয়া বা পাশে থাকা খালের পানিতে পড়ে যাওয়ার মতো বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। স্থানীয় বাসিন্দা আব্দুল মন্নান ফকির জানান, খাসেরহাট গুচ্ছগ্রামে আগে বেইলিসেতুর পশ্চিম পাশে সরকারি খাসজমি দিয়ে একটি রাস্তা ছিল। বেইলিসেতু ভেঙে ঢালাই সেতুর গাইডওয়াল নির্মাণের সময় ওই রাস্তাটি সরু হয়ে গেলে মোস্তফা সরদার ও তাঁর লোকজন পথটি পুরোপুরি বন্ধ করে দেন। খাস জমির রাস্তাটি খুলে দেওয়ার অনুরোধ করলে তাঁরা উল্টো আদালতে মামলা করেন। ওই মামলায় আদালত ও থানা থেকে নোটিশ দেওয়া হয়েছে। ভুক্তভোগী বাসিন্দা পারভেজ খান বলেন, পথটি দীর্ঘদিন ধরে মানুষ সাধারণ চলাচলের জন্য ব্যবহার হয়ে আসছিল। ঢালাই সেতু নির্মাণের পর তা বন্ধ করে দেওয়ায় শত শত মানুষ দুর্ভোগে পড়েছে। একটি মাত্র রাস্তার জন্য আজ পুরো এলাকার দুই শতাধিক পরিবার বন্দিদশা পার করছে। এই অচলাবস্থার দ্রুত অবসান ঘটাতে এবং নিরাপদে যাতায়াতের পথ উন্মুক্ত করা প্রয়োজন। এ ছাড়া সেতুর নিচ দিয়ে সরু রাস্তা হওয়ায় খালটি ভরাটের আশঙ্কা রয়েছে। এ ব্যাপারে মোস্তফা সরদার বলেন, তাঁদের রেকর্ডীয় জমিতে জোরপূর্বক রাস্তা নির্মাণ করতে চাওয়ায় তাঁরা বেড়া দিতে বাধ্য হয়েছেন। স্থানীয় কয়েকজন জমিটি সরকারি দাবি করায় আদালতে একটি মামলা করা হয়েছে। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, রাস্তা নিয়ে আদালতে মামলা চলমান। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ইতিমধ্যে ফৌজদারি কার্যবিধির ১৪৪/১৪৫ ধারায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার নোটিশও জারি করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. গোলাম সরওয়ার বলেন, সাধারণ মানুষের চলাচল বন্ধ করার সুযোগ নেই। খাসেরহাট গুচ্ছগ্রাম সেতুর পশ্চিম পাশ দিয়ে সরকারি জমি থাকলে সার্ভেয়ার দিয়ে সীমানা নির্ধারণ করে বন্ধ রাস্তা খুলে দেওয়ার ব্যবস্থা করা হবে।

জনগণের ন্যায্য অধিকার

জনদুর্ভোগ লাঘব, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং দক্ষিণাঞ্চলের দীর্ঘদিনের বৈষম্য দূরীকরণের দাবিতে এ বিভাগীয় সমাবেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কর্মসূচিতে কোতয়ালী উত্তর থানা আমীর অধ্যাপক আনোয়ার হোসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। তিনি তাঁর বক্তব্যে বলেন, জনগণের ন্যায্য দাবি আদায়ে ঐক্যবদ্ধ আন্দোলনের বিকল্প নেই। তিনি সকল শ্রেণি-পেশার মানুষকে আগামী ১৮ জুলাইয়ের বিভাগীয় সমাবেশে পরিবার-পরিজনসহ উপস্থিত থেকে সমাবেশকে সর্বাত্মকভাবে সফল করার আহ্বান জানান। এ সময় আরও উপস্থিত ছিলেন বরিশাল মহানগর জামায়াতের ব্যবসায়ী বিভাগের সভাপতি অধ্যাপক মোয়াজ্জেম হোসেন হাওলাদার, ওলামা বিভাগের সভাপতি মাওলানা সোহরাব হোসাইন, শামসুল আরেফিনসহ বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল নেতৃবৃন্দ। লিফলেট বিতরণ কর্মসূচিতে সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ্য করা যায়। নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন, জনগণের ব্যাপক উপস্থিতিতে আগামী ১৮ জুলাইয়ের বরিশাল বিভাগীয় সমাবেশ দক্ষিণাঞ্চলের মানুষের ন্যায্য অধিকার আদায়ের দাবিকে আরও জোরালো করবে এবং জনমতের একটি শক্তিশালী বহিঃপ্রকাশ হিসেবে দেশব্যাপী গুরুত্বপূর্ণ বার্তা পৌঁছে দেবে।

গলায় ফাঁস দিয়ে ৬ষ্ঠ শ্রেণীর

বসত ঘরের আড়ার সাথে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। এসময় পরিবারের সদস্যরা কাকলী আক্তারকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ সুবল কৃষ্ণ কুন্ডু মৃত ঘোষণা করেন। আগৈলঝাড়া থানার ওসি তদন্ত সুশংকর মল্লিক বলেন, আমরা খবর পেয়ে হাসপাতালে গিয়ে ওই স্কুল ছাত্রীর লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শেবাচিম হাসপাতালের মর্গে প্রেরণ করা হয়েছে। এব্যাপারে থানায় একটি ইউডি মামলা দায়ের করা হয়েছে।

ভাঙ্গা-কুয়াকাটা ৬ লেনের ঘোষণা

পূরণ হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বরিশাল জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহীন বলেন, ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেনে উন্নীত করা দক্ষিণাঞ্চলের দীর্ঘদিনের দাবি। এ সফরে ঘোষণা না এলেও সরকার এ বিষয়ে কার্যকর উদ্যোগ নেবে বলে তিনি আশা করেন। বরিশাল জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইঞ্জিনিয়ার মাহফুজুল আলম মিঠু বলেন, প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে মানুষের প্রত্যাশা ছিল মহাসড়কটি ৬ লেনে উন্নীত করার ঘোষণা আসবে। ঘোষণা না আসায় কিছুটা হতাশা তৈরি হলেও ভবিষ্যতে এ বিষয়ে উদ্যোগ নেওয়া হবে বলে তিনি আশা করেন। সংশ্লিষ্টদের মতে, পদ্মা সেতু চালুর পর ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়কে যানবাহনের চাপ বেড়েছে। কুয়াকাটাকেন্দ্রিক পর্যটন, কৃষি, শিল্প ও বাণিজ্যের সম্প্রসারণের কারণে মহাসড়কটি ৬ লেনে উন্নীত করার দাবি আরও জোরালো হয়েছে। বিশেষজ্ঞদের মতে, মহাসড়কটি ৬ লেনে উন্নীত হলে যাতায়াতের সময় কমবে, সড়ক নিরাপত্তা বাড়বে এবং কুয়াকাটাকেন্দ্রিক পর্যটন, কৃষিপণ্য পরিবহন, শিল্পায়ন ও বিনিয়োগে ইতিবাচক প্রভাব পড়বে। একই সঙ্গে পায়রা সমুদ্রবন্দরসহ দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক কার্যক্রম আরও গতিশীল হবে। দক্ষিণাঞ্চলের মানুষের প্রত্যাশা, ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেনে উন্নীত করার প্রকল্প দ্রুত বাস্তবায়নের মাধ্যমে এ অঞ্চলের যোগাযোগব্যবস্থা ও অর্থনৈতিক উন্নয়নে নতুন গতি আসবে।

হাম ও উপসর্গে আরও

নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে এক শিশুর। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬৭১ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৫টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭৬৬টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত হয়েছে ১২২ শিশু, আর হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ৮৬৮ শিশু। এই সময়ে ৮৩১ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৯০০ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে মঙ্গলবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ১৩ হাজার ২৪৪, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১৩ হাজার ৭৩৫। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৯৬ হাজার ২৭ রোগী, যাদের মধ্যে ৯২ হাজার ৩৮৩ জন ছাড়পত্র পেয়ে এরই মধ্যে বাড়ি ফিরেছে।

ছাতা মাথায় এইচএসসি

ভাইরাল ভিডিওটি পটুয়াখালীর একটি মাদরাসার অর্ধবার্ষিক পরীক্ষার। এ বিষয়ে অনুসন্ধানে জাতীয় দৈনিক প্রতিদিনের বাংলাদেশ এর ইউটিউব চ্যানেলে গত ১৩ জুলাইয়ে প্রকাশিত একটি ভিডিও খুঁজে পাওয়া যায়, যার সঙ্গে আলোচিত দাবি সংবলিত ভিডিওর দৃশ্যের মিল রয়েছে।

শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ ছয় দাবিতে

পরিবর্তন চান না; বরং একটি বাস্তবসম্মত ও শিক্ষাবান্ধব পরীক্ষা ব্যবস্থা চান। প্রশ্নপত্রের মান যৌক্তিক করতে হবে এবং ভুলত্রুটি সংশোধন করতে হবে। শিক্ষার্থীদের ছয় দফা দাবির মধ্যে রয়েছে, যৌক্তিক কারণে অনুপস্থিত শিক্ষার্থীদের পুনরায় পূর্ণাঙ্গ পরীক্ষার সুযোগ দেওয়া, ফল প্রকাশের দুই মাসের মধ্যে অকৃতকার্য শিক্ষার্থীদের পুনঃপরীক্ষার ব্যবস্থা করা অথবা গ্রহণযোগ্য কারণ থাকলে তাদের খাতা পুনর্মূল্যায়নের সুযোগ দেওয়া। এ ছাড়া এইচএসসি-২০২৬ পরীক্ষার্থীদের ওপর হওয়া 'মানসিক ও শারীরিক চাপের' বিষয়ে শিক্ষামন্ত্রীকে প্রকাশ্যে জবাবদিহি করতে হবে, প্রশ্নপত্রের ভুল সংশোধন করতে হবে এবং প্রাকৃতিক দুর্যোগ চলাকালে যেসব কেন্দ্রে জলাবদ্ধতা রয়েছে, সেখানে পরীক্ষা স্থগিত রাখতে হবে বলেও দাবি জানান তারা। একই সঙ্গে শিক্ষার্থীদের 'পোল্ট্রি মুরগি' বলে মন্তব্যের জন্য শিক্ষামন্ত্রীকে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে বলেও আন্দোলনকারীরা দাবি করেন। আন্দোলনে অংশ নেওয়া বরিশাল সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের শিক্ষার্থী আলিফ বলেন, বৈরী আবহাওয়ার মধ্যেও পরীক্ষা নেওয়া হয়েছে। কঠিন বিষয়গুলোর পরীক্ষার মধ্যেও পর্যাপ্ত বিরতি দেওয়া হয়নি। অতীতের তুলনায় প্রশ্নপত্রও অনেক কঠিন হয়েছে। এমনকি সিলেবাসের বাইরের প্রশ্নও এসেছে বলে অভিযোগ করেন তিনি। তিনি আরও বলেন, দেশের বিভিন্ন এলাকায় বন্যা ও জলাবদ্ধতার কারণে অনেক কেন্দ্রে পরীক্ষা নেওয়ার মতো পরিস্থিতি ছিল না। অথচ অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা হওয়া সত্ত্বেও একটি বোর্ডে পরীক্ষা স্থগিত করা হলেও অন্য বোর্ডগুলোতে তা চালিয়ে যাওয়া হয়েছে। এ কারণে তারা শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ পরীক্ষা ব্যবস্থার পরিবর্তনের দাবি জানান। বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের শিক্ষার্থী এনামুল বলেন, বৈরী আবহাওয়ার মধ্যে পরীক্ষা নেওয়ার প্রতিবাদ করায় শিক্ষামন্ত্রী আমাদের 'ব্রয়লার মুরগি' বলে মন্তব্য করেছেন। আমরা যদি দেশের ভবিষ্যৎ হই, তাহলে আমাদের সম্পর্কে এমন মন্তব্য কীভাবে করা হলো? এ জন্য শিক্ষামন্ত্রীকে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে, অন্যথায় পদত্যাগ করতে হবে।

পরিকল্পনার অভাবে ভোলায় ৩০

উত্তোলন। বর্তমানে এই ক্ষেত্র থেকে দৈনিক উত্তোলন ক্ষমতা ১২২ মিলিয়ন ঘনফুট। মঙ্গলবার (১৪ জুলাই) সরেজমিনে গিয়ে এবং সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা যায়, বিতরণকারী প্রতিষ্ঠান সুন্দরবন গ্যাস কোম্পানির মাধ্যমে বোরহানউদ্দিনে দুটি বিদ্যুৎকেন্দ্র এবং সাতটি শিল্পকারখানায় (শেলটেক সিরামিক লিমিটেড, কাজী ফিড, প্রিয় অটো, অ্যাডভান্স অটোব্রিকস, সাগর বেকারি, আল মদিনা ও জিকে ট্রেডার্স) গ্যাস সরবরাহ করা হচ্ছে। এছাড়া ২ হাজার ৩৪৪টি আবাসিক সংযোগে সরবরাহ করা হচ্ছে ৭০ থেকে ৭৫ মিলিয়ন ঘনফুট গ্যাস। অন্যদিকে ইন্ট্রাকো সিএনজি আকারে ঢাকায় নিচ্ছে দৈনিক এক মিলিয়ন ঘনফুট। এরপরও প্রতিদিন উদ্বৃত্ত থাকছে প্রায় ৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস। এছাড়া ২০১৮ সালে ভোলা নর্থ ও ২০২৩ সালে ইলিশা-১ নামের আবিস্কৃত ক্ষেত্র দুটি থেকে এখনো গ্যাস উত্তোলন শুরু হয়নি। গ্যাস সংযোগের জন্য বর্তমানে দুটি শিল্প প্রতিষ্ঠানের আবেদন প্রক্রিয়াধীন আছে। কাজ চলছে আবুল উলাইয়া টেক্সটাইল মিলস লিমিটেড ও প্রাণ-আরএফএলসহ কয়েকটি প্রতিষ্ঠানের। গ্যাসের মতো মূল্যবান প্রাকৃতিক সম্পদ থাকার পরও কাঙ্ক্ষিত উন্নয়ন থেকে পিছিয়ে রয়েছেন ভোলাবাসী। সমাধান হচ্ছে না বেকার সমস্যার। বিগত সরকার সারকারখানা, ইপিজেড, এলএনজি স্টেশন ও জাতীয় গ্রিডে গ্যাস নেয়ার প্রতিশ্রুতি দিলেও তা বাস্তবায়ন হয়নি। পাইপলাইনের মাধ্যমে গ্যাস অন্যত্র নেয়ার পরিবর্তে ভোলাতেই ব্যয়সাশ্রয়ী শিল্পকারখানা করার দাবিতে দীর্ঘ বছর ধরে আন্দোলন সংগ্রাম করছেন স্থানীয়রা। সম্প্রতি প্রধানমন্ত্রী তারেক রহমান জাতীয় সংসদে ভোলাতেই 'শিল্পপার্ক' করার ঘোষণা দিলে হতাশা কেটে নতুন করে স্বপ্ন দেখা শুরু হয়। এছাড়া কম খরচে নৌপথে পণ্য পরিবহন ও নিরবচ্ছিন্ন গ্যাস-বিদ্যুৎসহ শিল্পকারখানা স্থাপনে অনুকূল পরিবেশ কাজে লাগানোর দাবি জানিয়েছেন তারা। কনজ্যুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) ভোলা জেলা সভাপতি মো. সোলাইমান বলেন, 'শিল্পকারখানা করার সকল পরিবেশ ভোলায় রয়েছে। বিগত দিনে বহু উদ্যোক্তা এসেছেন। কিন্তু পরবর্তীতে তার বাস্তবায়ন হয়নি। এর পেছনে সরকারের ব্যর্থতা রয়েছে।' উন্নয়ন কর্মী মো. ইকরামুল আলম জানান, গত ১৭ বছর ধরে তারা শুধু ইকোনমিক জোন ও কলকারখানা হওয়ার আশ্বাস শুনেছেন। ঢাকা থেকে কর্মকর্তারা সরেজমিন দেখে গেলেও বাস্তবে কিছুই হয়নি। তিনি বলেন, 'বিভিন্ন উদ্যোক্তারা যখন ভোলায় এসেছেন, তখন বিশেষ শ্রেণি সিন্ডিকেট করে জমির দাম বাড়িয়েছে, প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। ফলে উদ্যোক্তারা আগ্রহ হারিয়ে ফেলেছেন। বর্তমান প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নে যেন এমন কোনো সিন্ডিকেট বাধা সৃষ্টি করতে না পারে, সেটি কঠোর হাতে দমন করতে হবে।' গণমাধ্যম কর্মী আবদুর রহমান হেলালের ভাষ্য, গ্যাসের পাশাপাশি ভোলায় বিদ্যুৎ ও নৌপথের সহজ যোগাযোগ রয়েছে। বর্তমান সরকার ও বিরোধীদল এখানে শিল্পপার্ক স্থাপনের বিষয়ে একমত হয়েছে, তাই এর দ্রুত বাস্তবায়ন চান তিনি। জেলা বিএনপির সদস্য সচিব মো. রাইসুল আলম বলেন, 'ভোলার উন্নয়নের পাঁচটি দাবির অন্যতম হলো গ্যাসভিত্তিক শিল্পকারখানা স্থাপন। যার মাধ্যমে উন্নয়ন ও কর্মসংস্থান দুটোই হবে।' প্রধানমন্ত্রীর ঘোষণাকে স্বাগত জানিয়ে তিনি শিল্পপার্ক স্থাপনের কাজ শুরুর দাবি জানান। এর মাধ্যমে গ্যাসের সঠিক ব্যবহার নিশ্চিত হওয়ার পাশাপাশি দেশের উন্নয়নে অবদান রাখা সম্ভব বলে জানান তিনি। এছাড়া উদ্যোক্তাদের সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন এই বিএনপি নেতা। ভোলার গ্যাস খুলনা বা বরিশালে নিয়ে শিল্পায়ন করাকে বিপুল অর্থের অপচয় বলে মনে করেন ভোলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক গোলাম নবী আলমগীর। তিনি বলেন, 'গ্যাস শুধু বরিশাল পর্যন্ত নিতেই ১১শ কোটি টাকা খরচ হবে। এতো টাকা খরচ না করে ভোলাকেই শিল্পাঞ্চল হিসেবে গড়ে তুলতে হবে। এতে ভোলার মানুষের পাশাপাশি সারা দেশের মানুষ উপকৃত হবেন। নৌপথের সুযোগ কাজে লাগিয়ে সারকারখানা, কৃষিপণ্য সংরক্ষণ, ইপিজেড ও বিদ্যুৎকেন্দ্রসহ গ্যাসভিত্তিক শিল্প প্রতিষ্ঠার ব্যাপক সুযোগ রয়েছে এখানে।' জেলা মুক্তিযোদ্ধা সংসদের সদস্য সচিব ও প্রবীণ ব্যবসায়ী আমিনুল ইসলাম খান বলেন, 'সম্পদের তুলনায় ভোলা উন্নয়নের সূচকে অনেক পিছিয়ে রয়েছে। ১৯৯৩ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ভোলার গ্যাস অনুসন্ধান শুরু করেন। এরপর উত্তোলন শুরু হলেও প্রয়োজনীয় উন্নয়ন হয়নি। তবে বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান শিল্পপার্কের যে ঘোষণা দিয়েছেন, তাকে আমরা ইতিবাচক হিসেবে দেখছি।' এদিকে শিল্পকারখানা স্থাপনে সরকারের নির্দেশনা পালনে সব ধরনের প্রস্তুতির কথা জানিয়েছেন জেলা প্রশাসক ডা. শামিম রহমান। তিনি বলেন, 'গ্যাসভিত্তিক উন্নয়ন ভোলাবাসীর প্রাণের দাবি। স্থানীয় প্রশাসন জমি বরাদ্দসহ যা যা প্রয়োজন সব ধরনের প্রস্তুতি নিয়ে রেখেছে। এখানে ছোট ইন্ডাস্ট্রির পাশাপাশি ভারী ইন্ডাস্ট্রি করার সুযোগ রয়েছে।' এই সুযোগ কাজে লাগাতে দেশি বিনিয়োগের পাশাপাশি বিদেশি বিনিয়োগকারীদের আকর্ষণের ওপর গুরুত্ব দেন জেলা প্রশাসক। এখানকার গ্যাস শুধু উত্তোলনের মধ্যে সীমাবদ্ধ না রেখে সরকার দ্রুত শিল্পপার্ক গড়ে তুলবে, দেশি-বিদেশি বিনিয়োগ বাড়বে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে; এমনটাই প্রত্যাশা ভোলার ২০ লাখ মানুষের।

বন্যা ও পাহাড়ধসে মৃত্যু

১৫ জন, বান্দরবানে ৬ জন, রাঙামাটিতে ৩ জন এবং মৌলভীবাজারে একজনের মৃত্যু হয়েছে। আহতদের মধ্যে কক্সবাজারে ২৪ জন, চট্টগ্রামে ১২ জন, বান্দরবানে দুজন এবং খাগড়াছড়িতে একজন রয়েছেন। কক্সবাজারে এখনও একজন নিখোঁজ রয়েছেন বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। বন্যাদুর্গত মানুষের জন্য বর্তমানে ৩২৯টি আশ্রয়কেন্দ্র চালু রয়েছে। এসব কেন্দ্রে আশ্রয় নিয়েছেন ১০ হাজার ৮৫৪ জন। জেলাভিত্তিক তথ্যে দেখা যায়, চট্টগ্রামের ১৬টি উপজেলায় এখনো আংশিক জলাবদ্ধতা রয়েছে। কক্সবাজারের ১০টি, বান্দরবানের ৭টি, রাঙামাটির ৯টি, খাগড়াছড়ির ৯টি, মৌলভীবাজারের ৩টি এবং হবিগঞ্জের ৩টি উপজেলা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। ত্রাণ কার্যক্রমও অব্যাহত রয়েছে বলে জানিয়েছে মন্ত্রণালয়। ক্ষতিগ্রস্ত জেলাগুলোতে চাল, নগদ অর্থ, শুকনো খাবার, ঢেউটিন এবং গৃহনির্মাণ সহায়তা বিতরণ করা হচ্ছে। পাশাপাশি প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকেও বিভিন্ন জেলায় আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ৭ জুলাই থেকে ১২ জুলাই পর্যন্ত বন্যাকবলিত সাত জেলার জন্য মোট ১ কোটি ৭৫ লাখ টাকা এবং ৩ হাজার ২৫০ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া দেশের বাকি ৫৭ জেলার জন্য সাধারণ বরাদ্দ হিসেবে আরও ২ কোটি ৮৫ লাখ টাকা ও ৫ হাজার ৭০০ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। সব মিলিয়ে ৬৪ জেলার জন্য মোট ৪ কোটি ৬০ লাখ টাকা এবং ৮ হাজার ৯৫০ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় জানিয়েছে, বন্যা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের কাছে দ্রুত ত্রাণ সহায়তা পৌঁছে দিতে জেলা প্রশাসনের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রয়েছে।

এক হাজার ইয়াবাসহ ধরা পড়া

বাসিন্দা। রায় ঘোষণার সময় আসামি আদালতে উপস্থিত ছিলেন। আদালত ও মামলা সূত্রে জানা গেছে, চলতি বছরের ৩ মে গভীর রাতে ঢাকা থেকে বরিশালগামী 'মামুন পরিবহণ' এর একটি নৈশকোচ বরিশাল নগরীর কলসগ্রাম এলাকা অতিক্রম করছিল। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ বাসটিতে বিশেষ অভিযান চালায়। অভিযান চলাকালীন বাসের যাত্রী রোহিঙ্গা তরুণী জাহিদা বেগমের আচরণ সন্দেহজনক মনে হলে নারী পুলিশের সহায়তায় তাকে তল্লাশি করা হয়। এ সময় তার পরিহিত প্যান্টের পকেট থেকে বিশেষ কায়দায় লুকিয়ে রাখা ৫টি প্যাকেটে মোট ১ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। ইয়াবা উদ্ধারের ঘটনায় বরিশাল মেট্রোপলিটন পুলিশের বিমানবন্দর থানার উপ-পরিদর্শক (এসআই) আল আমিন নাঈম বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন। মামলাটি তদন্তের দায়িত্ব পান একই থানার এসআই ছানোয়ার হোসেন। তিনি দ্রুততম সময়ে তদন্ত শেষ করে গত ২৩ জুন আদালতে জাহিদা বেগমকে অভিযুক্ত করে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করেন। আদালত সূত্রে জানা যায়, মামলায় রাষ্ট্রপক্ষের মোট ৭ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ ও জেরা শেষে জাহিদার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। এরই প্রেক্ষিতে বিজ্ঞ বিচারক আজ এই দণ্ডাদেশ প্রদান করেন। রায় ঘোষণা শেষে সাজাপ্রাপ্ত আসামিকে কড়া নিরাপত্তায় বরিশাল কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়েছে।

সোনার দাম আরও ১৬ শতাংশ কমতে পারে, দাবি বিশ্লেষকদের

কীর্তনখোলা ডেস্ক

বিশ্ববাজারে ইতিহাসের সব রেকর্ড ভেঙে ফেলার পর হঠাৎ বড় ধরনের পতনের মুখে পড়েছে সোনার দাম। গত কয়েক মাস ধরে আন্তর্জাতিক বাজারে মূল্যবান এই ধাতুর দাম ক্রমাগত কমছে। এর মধ্যেই বিশ্লেষকরা জানিয়েছেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ ও ডলারের শক্তিশালী অবস্থানের কারণে সোনার দাম আরও ১৬ শতাংশ পর্যন্ত কমতে পারে। চলতি বছরের জানুয়ারি মাসে আন্তর্জাতিক বাজারে প্রতি আউন্স সোনার দাম ইতিহাসের সর্বোচ্চ ৫ হাজার ৫৯৫ ডলারে উঠেছিল। তবে সেই রেকর্ড ভাঙা দামের পর থেকে এখন পর্যন্ত সোনার দাম প্রায় ২৭ শতাংশ কমে গেছে। এর ফলে সোনা এখন আনুষ্ঠানিকভাবে 'বিয়ার মার্কেট' বা মন্দার বাজারে প্রবেশ করেছে। সাধারণ নিয়ম অনুযায়ী, কোনো সম্পদের দাম যদি তার সাম্প্রতিক সর্বোচ্চ অবস্থান থেকে খুব কম সময়ের মধ্যে ২০ শতাংশ বা তার বেশি কমে যায়, তবে তাকে মন্দার ক্ষেত্র বলা হয়। বিশ্লেষকরা মনে করছেন, দীর্ঘ সময় ধরে সোনার দাম একটানা বাড়ার পর বাজার এখন কিছুটা বিরতি নিচ্ছে। ফলে দাম আরও ১৬ শতাংশ কমে আউন্সপ্রতি ৩ হাজার ৪০০ থেকে ৩ হাজার ৫০০ ডলারের ঘরে নেমে আসতে পারে। ভারতের অন্যতম শীর্ষস্থানীয় বিনিয়োগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান জিওজিৎ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের কমোডিটি রিসার্চ প্রধান হারীশ ভি এই বিষয়ে তার মতামত জানিয়েছেন। তিনি বলেন, দীর্ঘমেয়াদী দিক থেকে বিচার করলে সোনার বাজার এখনো ইতিবাচক। তবে গত এক থেকে দুই বছরে সোনার দাম যেভাবে প্রায় দ্বিগুণ হয়েছে, সেই তুলনায় এখন দাম কিছুটা কমে যাওয়া বা মূল্য সংশোধন হওয়া খুবই স্বাভাবিক ঘটনা। তিনি অনুমান করছেন যে, সোনা আবার নতুন করে চাঙ্গা হওয়ার আগে এই দরপতন আউন্সপ্রতি ৩ হাজার ৪০০ থেকে ৩ হাজার ৫০০ ডলারের স্তরে গিয়ে থামতে পারে। সেখানে এটি একটি শক্ত ভিত্তি খুঁজে পাবে বলে তিনি মনে করেন। চলতি বছরে সোনার এই বড় পতনের পেছনে মধ্যপ্রাচ্যের যুদ্ধ এক ধরনের দ্বিমুখী আঘাত হিসেবে কাজ করছে। একদিকে বাজারে তেলের দাম বেশি হওয়ায় বিশ্বজুড়ে মূল্যস্ফীতি ও মার্কিন ফেডারেল রিজার্ভের সুদের হার বৃদ্ধির চিন্তা বাড়ছে। অন্যদিকে, মার্কিন ডলারের মান বাড়ার কারণে অন্যান্য দেশের মুদ্রার ক্রেতাদের কাছে সোনা কেনার আকর্ষণ কমে গেছে। শুধু গত ফেব্রুয়ারির শেষ দিক থেকে হিসাব করলে আন্তর্জাতিক বাজারে সোনার দাম ২৩ শতাংশ ক্র্যাশ করেছে বা ধসে গেছে। আজকেও মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে নতুন করে পাল্টাপাল্টি হামলা হওয়ার পর তেলের দাম ৪ শতাংশ বেড়েছে। আর এর ফলেই আন্তর্জাতিক বাজারে সোনার দাম ১.৫ শতাংশ কমে ৪ হাজার ৫৭ ডলারে নেমে এসেছে। স্যামকো সিকিউরিটিজের রিসার্চ প্রধান অপূর্ব শেঠ বলেন, সোনার দাম ধরে রাখার জন্য ৪ হাজার ০০০ ডলারের স্তরটি একটি অত্যন্ত জরুরি ও প্রধান ভিত্তি। তবে বাজার যদি সবচেয়ে খারাপ পরিস্থিতিতে পড়ে বা কোনো কারণে সাময়িক আতঙ্ক তৈরি হয়, তবে দাম ৩ হাজার ৫০০ ডলারেও নেমে যেতে পারে।

খাল দখল, কালভার্টের মুখে বালুর বাঁধ

প্রভাবে পৌরসভার একাংশসহ চাওড়া, কুকুয়া, হলদিয়া ও আমতলী সদর ইউনিয়নের বিস্তীর্ণ এলাকায় দীর্ঘদিন ধরে জলাবদ্ধতা ও পচা পানির সমস্যা দেখা দিয়েছে। পরে পানিপ্রবাহ স্বাভাবিক করতে ২০১৫ সালে বরগুনা পানি উন্নয়ন বোর্ড ৪৩/১ পোল্ডারের আওতায় বাসুগী ও চাওড়া খালের সংযোগস্থলে একটি কালভার্ট নির্মাণ করে। তবে নির্মাণের কিছুদিন পর থেকেই খালের দুই পাড় দখল করে অবৈধ স্থাপনা গড়ে ওঠে। স্থানীয়দের ভাষ্য, গত ১১ বছরে খালের দুই পাড়ে সহস্রাধিক অবৈধ স্থাপনা নির্মিত হয়েছে। মাছের বাজার, কাঁচাবাজার, কসাইখানা ও বসতবাড়ির বর্জ্য নিয়মিত খালে ফেলার কারণে খালটি ভরাট হয়ে পড়েছে। এর মধ্যে কালভার্টের এক পাশে বালুর বস্তা দিয়ে বাঁধ দেওয়ায় পানিপ্রবাহ প্রায় বন্ধ হয়ে গেছে। সাম্প্রতিক কয়েক দিনের টানা বৃষ্টিতে আমতলীর বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা দেখা দেয়। কিন্তু কালভার্ট দিয়ে পানি নিষ্কাশন ব্যাহত হওয়ায় চাওড়া খাল ও আশপাশের মাঠঘাট পানিতে তলিয়ে যায়। সরেজমিনে দেখা যায়, আমতলী বাঁধঘাট চৌরাস্তার কালভার্ট এবং চাওড়া ও বাসুগী খালের বিভিন্ন অংশ দখল করে বাজার, কসাইখানা ও বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। খালের ভেতর ও দুই পাড়ে ময়লা-আবর্জনার স্তূপ জমে দুর্গন্ধ ছড়াচ্ছে। কালভার্টের মুখে বালুর বস্তার বাঁধ থাকায় পানিপ্রবাহ কার্যত বন্ধ রয়েছে। স্থানীয় বাসিন্দা নকিব ও খালেক মিয়া বলেন, চাওড়া খালের পানিপ্রবাহ স্বাভাবিক রাখতে কালভার্টটি নির্মাণ করা হয়েছিল। কিন্তু কিছু প্রভাবশালী ব্যক্তি নিজেদের অবৈধ স্থাপনা রক্ষার জন্য কালভার্টের মুখ বালুর বস্তা দিয়ে আটকে রেখেছেন। এতে সাধারণ মানুষ চরম ভোগান্তিতে পড়েছেন। আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মদ জাফর আরিফ চৌধুরী বলেন, খুব দ্রুত কালভার্টের মুখ থেকে বালুর বস্তা সরিয়ে পানিপ্রবাহ স্বাভাবিক করার ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে খালের দুই পাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. হান্নান প্রধান বলেন, খালের পাড়ে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য ইতোমধ্যে নোটিশ দেওয়া হয়েছে। দ্রুত নির্বাহী ম্যাজিস্ট্রেটের সহযোগিতায় অভিযান চালিয়ে অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং খাল পুনঃখননের উদ্যোগ নেওয়া হবে।

কলাপাড়ায় স্লুইস ধসে সাত গ্রাম পানিবন্দি

নির্মাণ করা হয়েছিল। বাঁধের ভেতরের পানি নিষ্কাশনের জন্য সদরপুরে তিন ভেন্টের একটি স্লুইস নির্মাণ করা হয়। তবে দীর্ঘদিন সংস্কার না হওয়ায় সাম্প্রতিক ভারী বৃষ্টি ও নদীর তীব্র স্রোতের চাপে স্লুইসটি রাস্তাসহ ধসে পড়ে। স্লুইসটি ক্ষতিগ্রস্ত হওয়ায় পানি নিষ্কাশনের পথ বন্ধ হয়ে যায়। ফলে সোনাতলা নদীর জোয়ারের পানি আশপাশের সাতটি গ্রামে ঢুকে জলাবদ্ধতার সৃষ্টি করেছে। বসতবাড়ি, রাস্তাঘাট, ফসলি জমি এবং মাছের ঘের পানিতে তলিয়ে গেছে। অনেকের পুকুর ও ঘেরের মাছও ভেসে গেছে। পানিবন্দি হয়ে চরম দুর্ভোগে দিন কাটাচ্ছেন স্থানীয় বাসিন্দারা। এদিকে সড়ক ধসে যাওয়ায় শিক্ষার্থী, কর্মজীবী মানুষ ও সাধারণ যাতায়াতকারীদের ভোগান্তি আরও বেড়েছে। সরাসরি সড়ক যোগাযোগ বন্ধ থাকায় বিকল্প পথ ব্যবহার করতে হচ্ছে স্থানীয়দের। স্থানীয়দের অভিযোগ, গত বছর থেকেই স্লুইসটিতে ভাঙনের লক্ষণ দেখা দিয়েছিল। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হলেও প্রয়োজনীয় সংস্কার করা হয়নি। সময়মতো ব্যবস্থা নিলে আজকের এই দুর্ভোগ এড়ানো সম্ভব হতো বলে দাবি তাদের। একজন স্থানীয় বাসিন্দা বলেন, "স্লুইস ভেঙে যাওয়ায় পানি নামতে পারছে না। ঘরবাড়িতে পানি উঠেছে, সন্তানদের স্কুলে পাঠানো যাচ্ছে না। দ্রুত ব্যবস্থা না নিলে পরিস্থিতি আরও ভয়াবহ হবে।" আরেক বাসিন্দার ভাষ্য, "গত বছর থেকেই স্লুইসটি ঝুঁকিপূর্ণ ছিল। তখন মেরামত করা হলে আজ হাজারো মানুষকে এমন দুর্ভোগ পোহাতে হতো না।" এ বিষয়ে কলাপাড়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. শাহ আলম বলেন, উপজেলার অনেক স্লুইস ও জলকপাট দীর্ঘদিন ধরে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। সদরপুর স্লুইসসহ ১২৯টি স্লুইস ও জলকপাট নির্মাণ ও সংস্কারের জন্য ইতোমধ্যে প্রস্তাবনা পাঠানো হয়েছে। প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে দ্রুত পুনর্নির্মাণ ও সংস্কারকাজ শুরু করা হবে বলে জানান তিনি।

মধ্যরাতে বাজারে আগুন

আনা হয়। পাথরঘাটা ফায়ার সার্ভিস স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) মো. রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্রে জানা গেছে, গভীর রাতে স্থানীয় লেমুয়া বাজারে হঠাৎ দুই থেকে তিনটি ব্যবসাপ্রতিষ্ঠানে আগুন জ্বলতে দেখেন স্থানীয় নৈশপ্রহরী। পরবর্তীতে স্থানীয়রা ৯৯৯ নম্বরে কল দিয়ে বিষয়টি ফায়ার সার্ভিসকে জানান। পরে ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট প্রায় আড়াই ঘণ্টায় চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। তবে এর আগেই ওই বাজারে থাকা মুদি মনোহারী, ফার্মেসি ও ছোট-বড় চায়ের দোকানসহ কমপক্ষে ২৫ থেকে ৩০টি ব্যবসাপ্রতিষ্ঠান সম্পূর্ণ পুড়ে যায়। এতে প্রায় ২৫ থেকে ৩৫ লাখ টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে বলে ফায়ার সার্ভিস প্রাথমিকভাবে ধারণা করলেও ব্যবসায়ীদের দাবি ক্ষতির পরিমাণ প্রায় ৫০ লাখ। স্টেশন অফিসার রফিকুল ইসলাম বলেন, 'অগ্নিকাণ্ডের খবরে দ্রুত ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছায়। আগুনের তীব্রতায় পার্শ্ববর্তী মঠবাড়িয়া ও বামনা উপজেলার ফায়ার সার্ভিস স্টেশনে খবর দেওয়া হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক সংযোগের ত্রুটির কারণে এ অগ্নিকাণ্ড ঘটেছে। তবে প্রকৃত কারণ উদ্‌ঘাটনে তদন্ত চলছে।'

প্রমত্তা-তেঁতুলিয়ার ক্রমাগত ভাঙনে

নদীর অরক্ষিত বেড়িবাঁধ ভেঙে হাজিরকান্দা, হাজিরহাট, ধনধনিয়া, গোলখালী,ও বাঁশবাড়িয়া গ্রামের কয়েক হাজার মানুষ প্রতি বছর অমাবস্যা ও পূর্ণিমাসহ বিভিন্ন সাইক্লোনে ভাঙা বেড়িবাঁধ থেকে পানি ঢুকে লোকালয়ে প্রবেশ করে; এতে পানিবন্দি আবস্থায় থাকে কয়েকশত পরিবার। এ দিকে নদী ভাঙনে হাজিরহাট লঞ্চ ঘাটের একমাত্র মসজিদটি নদী গর্ভে বিলীন হচ্ছে; এর সঙ্গে বিলীন হয়ে যাচ্ছে একমাত্র পাকা সড়কটিও। ঘরবাড়ি, ফসলের ক্ষেত, গাছপালা সব হারিয়ে নিঃস্ব হয়েছে এসব গ্রামের শত শত পরিবার? সেইসঙ্গে নদীগর্ভে চলে গেছে এখানকার হাজারো মানুষের সাজানো স্বপ্ন। ইতোমধ্যে চিরতরে মুছে গেছে অনেকের ঘর-বাড়ি। হারিয়ে গেছে নানা ধরনের স্মৃতি?; যার অধিকাংশই আজ পর্যন্ত মেরামত হয়নি। নদীর তীরবর্তী এলাকার মানুষ ঘর-বাড়ি স্থানান্তর করে বেঁচে থাকার চেষ্টায় অন্যত্র আশ্রয় নিতে সরিয়ে নিয়েছে নিজেদের পূর্ব পুরুষের ভিটে। আগ্রাসী নদী ভাঙনের দিশেহারা হয়ে পড়েছেন ইউনিয়নের হাজার হাজার মানুষ। পূর্ব পুরুষের ভিটে মাটি কবর হারানো মানুষগুলো অসহায় হয়ে আশ্রয়ের জন্য ঘুরছেন দ্বারে দ্বারে। কাটাচ্ছেন মানবেতর জীবন। তারা এখন ত্রাণ চান না, চান স্থায়ী বেড়িবাঁধ। তাই আশ্বাস নয় স্থায়ী সমাধানের দাবি স্থানীয় ভুক্তভোগীদের। নদী পাড়ের রাবেয়া বেগম বলেন, 'আমি যখন এই এলাকায় নতুন বউ হয়ে এসেছি তখন দেখেছি এখানে সব কিছুই রয়েছে। বাজার ছিল স্কুল ছিল বড় বড় ঘর-বাড়ি ছিল। তেঁতুলিয়া নদী সবকিছু কেড়ে নিয়ে গেছে।' সামসু মুন্সী বলেন, 'এক এক করে আমাগো দুটা ঘর এই নদীতে লয়ে গেছে, এখন কিছুই নাই। পরের জায়গায় ঘর করে মোরা থাকি।' পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. রাকিব বলেন, বর্তমানে ভাঙন রোধে আমরা অস্থায়ীভাবে কাজ করবো। তবে শিগগিরই ভাঙন রোধে স্থায়ীভাবে সমাধানের কথা জানালেন পানি উন্নয়ন বোর্ডের এই শীর্ষ কর্মকর্তা। এ বিষয়ে প্রবাসী-কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেন, 'নদী ভাঙনে সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে আমার কথা হয়েছে ড্রেজিংয়ের মাধ্যমে নদীকে সচল রেখে ভাঙন রোধের পাশাপাশি পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে স্থায়ীভাবে কাজ করার পরিকল্পনা করছি।' পটুয়াখালীতে মোট এক হাজার ৩০০ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। এরমধ্যে আংশিক ক্ষতিগ্রস্ত ২৫ কিলোমিটার এবং ৬ কিলোমিটার বেড়িবাঁধ পুরো ক্ষতিগ্রস্ত।

ভাণ্ডারিয়ায় একীভূত হতে পারে

বিদ্যালয় একীভূত করা হতে পারে। শিক্ষা অফিসের তালিকা অনুযায়ী যে সকল বিদ্যালয়ে প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ৫০জন শিক্ষার্থী নাই তাদের পার্শ্ববর্তী যে সকল বিদ্যালয়ের সাথে একীভূত করা হতে পারে সে সকল বিদ্যালয় গুলি হলো,২নং উ.ভিটাবাড়িয়া স.প্রা.বি.মোট শিক্ষার্থী ২৪জন এবিদ্যালয়ের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী ১নং উত্তর পশ্চিম ভিটাবাড়িয়াস.প্রা.বিদ্যালয়ে,২১নং হেতালিয়া স.প্রা.বিদ্যালয়ের ৩২শিক্ষার্থীকে ১০৫নং হেতালিয়া স.প্রা.বি, ২৪নং দারুল হুদা বোর্ড স.প্রা.বি.৩১শিক্ষার্থীকে ২৫নং দারুল হুদা বোর্ড স.প্রা.বি, ১১৬নং দঃ পঃ নদমূলা স.প্রা.বি ৩৯জনকে ১৭নং দক্ষিণ নদমূলায়, ১০৩নং দক্ষিণ সিংখালী স.প্রা.বি.৩০জনকে ৯৯নংসিংখালী,১৪২নং মধ্য পঃ পশারি বুনয়ার ৩৩জনকে ৪৬নংপশ্চিম পশারি বুনিয়া,১৫১নং আতরখালী আদর্শ স.প্রা.বি.৪৫জনকে ৩৯নং বেতাগী সিংখালীতে,৩৫নং গোলবুনিয়ার ৩৯জনকে ১৩০নংউঃপঃ গোলবুনিয়ায়,৯৬নং ভোজের কাটাখালীর ৩০জনকে ২৮নং মধ্য তেলিখালীতে,১৫৯নং মধ্য গোলবুনিয়ার ২০জনকে ৩৪নং দক্ষিণ গোলবুনিয়ায়,১১০নং রাধানগরের ৪০জনকে ৮৭নং চড়াইল,১৪৭নং নয়াখালীর ৪১জনকে ৯৩নং নয়াখালী,১৫৭নং পাতলাখালীর ৩০জনকে ৮৯নং দখিষণ মাটিভাংগায়,১৬২নং উত্তর চড়াইলের ২৩জনকে ৮৮নং চড়াইল,৫২নং রাজপাশায় ৩১জনকে পার্শ্ববর্তীতে,৫৬নংপশারি বুনিয়ার ৩৩জনকে ১১১নং উত্তর পূর্ব পশারিবুনিয়ায়,৫৮নং রাজপাশার৪৩জনকে পার্শ্ববর্তীতে, ১২৬নং দঃপূর্ব রাজপাশার ৩৫জনকে ৫০নং দক্ষিণ রাজপাশা-১এ,১২৮নং নিজ পশারি বুনিয়য়ার ২৬জনকে ১১২নং মধ্য পশারি বুনিয়ায়,১০৭নং পূর্ব গাজীপুরের ২১জনকে ৮০নং দক্ষিণ গাজীপুর,১৪৮নং দঃপঃগাজীপুরের ২০জনকে ৭৯নং উত্তর গাজীপুরে এবং যে সকল বিদ্যালয়ে ২০জনের নিচে সে ধরনের তিনটি বিদ্যালয়ের মধ্যে ১১৯নং পশারিবুনিয়া আদর্শ স.প্রা.বি'র ১৮জনকে ১৫৮নং সি রাজপাশায়,১২৪নং উঃপশ্চিম রাজপাশার ১২জনকে ৬৩নং ধাওয়া রাজপাশায় এবং ১৩৪নং পশারি বুনিয়া নাথ পাড়ার ৮জনকে ১১৩নং পূর্ব পশারিবুনিয়াসহ মোট ২৪ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীকে একীভূত করার তালিকা সংশ্লিষ্ট উর্দ্ধতন কতৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে বলেও উল্ল্যেখ করা হয়। এবিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. বদিউজ্জামান জানান,সরকার প্রাথমিক শিক্ষাকে উন্নত মানের এবং গতিশীল করার লক্ষ্যে এ পদক্ষেপ হাতে নিয়েছে। এবং সে জন্য ঐসকল বিদ্যালয়ের তালিকা উতো মধ্যে আমাদের দপ্তর থেকে প্রেরণ করা হয়েছে। শিক্ষকদের বিষয়ে কি হবে জানতে চাইলে ঐ কর্মকর্তা বলেন, যে সকল বিদ্যালয়ের শিক্ষার্থী একীভূত করা হবে সে সকল বিদ্যালয়ের শিক্ষকদেরকে যে সকল বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে সে সকল বিদ্যালয়সহ অন্যান্য বিদ্যালয়ে একীভূত করা হবে ।

মোজতবা খামেনি ৯০ শতাংশ

দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ইরানের সামরিক সক্ষমতা মারাত্মকভাবে দুর্বল হয়ে পড়েছে। তার মতে, ইরানের কোনো নৌবাহিনী নেই। কোনো বিমানবাহিনী নেই। সব শেষ। তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে গেছে। তাদের সব নেতাই নিহত হয়েছেন। তিনি আরও বলেন, তাদের সেরা নেতারা নিহত হয়েছেন। তারা আর নেই। খোমেনিও নেই। তার ছেলে ৯০ শতাংশ শেষ। তবে ট্রাম্প তার বক্তব্যে ১৯৮৯ সালে মারা যাওয়া ইরানের ইসলামি বিপ্লবের নেতা আয়াতুল্লাহ খোমেনির নাম উল্লেখ করলেও, প্রসঙ্গ অনুযায়ী তিনি সাম্প্রতিক হামলায় নিহত আলি খামেনিকেই বোঝাতে চেয়েছেন বলে ধারণা করা হচ্ছে। ফক্স নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, মোজতবা খামেনি বিমান হামলায় আহত হওয়ার পর চিকিৎসাধীন রয়েছেন। এ কারণে চলতি মাসে ইরান ও ইরাকে অনুষ্ঠিত তার বাবার দাফন ও শোকানুষ্ঠানেও তিনি উপস্থিত ছিলেন না। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে পাল্টাপাল্টি হামলা শুরু হওয়ার পর ট্রাম্প এমন মন্তব্য করলেন । একই সঙ্গে ট্রাম্প ঘোষণা দেন, যুক্তরাষ্ট্র আবারও ইরানের ওপর অবরোধ কার্যকর করছে এবং হরমুজ প্রণালি দিয়ে নিরাপদে চলাচলের জন্য জাহাজগুলোর কাছ থেকে অর্থ আদায় করবে।

হরমুজ প্রণালি নিয়ে উদ্বেগ, ফের

চলাচল ফিরবে কি না, তা নিয়ে অনিশ্চয়তা বাড়ায় তেলের বাজারে নতুন করে অস্থিরতা দেখা দিয়েছে। আন্তর্জাতিক বাজারের প্রধান সূচক ব্রেন্ট ক্রুড অয়েলের দাম মঙ্গলবার সর্বোচ্চ ৩ দশমিক ৮ শতাংশ বেড়েছে। এর আগে সোমবারই দাম বেড়েছিল ৯ দশমিক ৬ শতাংশ। এখন প্রতিব্যারেল ব্রেন্ট ফিউচারের দাম বেড়ে দাঁড়িয়েছে ৮৫ দশমিক ৯২ ডলারে, যা গত ১৫ জুনের পর সর্বোচ্চ। গত মাসে যুক্তরাষ্ট্র ও ইরান শান্তি সমঝোতা স্মারক (এমওইউ) সই করার পর সংঘাত-পূর্ব পর্যায়ে নেমে এসেছিল তেলের দাম। তবে ফেব্রুয়ারির শেষ দিকে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধ শুরু হওয়ার আগের দামের তুলনায় বর্তমানে ব্রেন্ট তেলের দাম প্রায় ১৯ শতাংশ বেড়েছে। যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড সোমবার জানিয়েছে, টানা তৃতীয় দিনের মতো ইরানে হামলা চালানো হয়েছে। তাদের দাবি, হরমুজ প্রণালিতে 'নিরীহ বেসামরিক মানুষ ও বাণিজ্যিক জাহাজে হামলার সক্ষমতা' কমাতে এসব অভিযান চালানো হয়েছে। এর পাল্টা জবাবে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) দাবি করেছে, তারা হরমুজ প্রণালিতে দুটি তেলবাহী সুপারট্যাংকারে হামলা চালিয়েছে। একই সঙ্গে কুয়েত ও বাহরাইনে থাকা যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার কথাও জানিয়েছে তারা। বাজারে অনিশ্চয়তা আরও বাড়িয়েছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একটি ঘোষণা। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্র ইরানের বন্দর অবরোধ পুনর্বহাল করবে এবং গুরুত্বপূর্ণ এই নৌপথ ব্যবহারকারী জাহাজ থেকে ট্রানজিট ফি আদায় শুরু করবে। সিঙ্গাপুরভিত্তিক স্পার্টা কমোডিটিজের জ্যেষ্ঠ তেল বাজার বিশ্লেষক জুন গোহ বলেন, যুক্তরাষ্ট্রের কৌশলগত তেল মজুতের মজুদ দ্রুত কমছে। ফলে বাজারে সরবরাহ সংকটের আশঙ্কা তৈরি হলে তেলের দাম আরও বাড়তে পারে। তার মতে, উভয় পক্ষের বক্তব্য ও সামরিক অবস্থান কিছুটা শান্ত না হওয়া পর্যন্ত তেলের বাজারে বড় ধরনের মূল্যবৃদ্ধির ঝুঁকি থেকে যাচ্ছে। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে স্থায়ী শান্তি চুক্তির আশা তৈরি হওয়ায় সাম্প্রতিক সপ্তাহগুলোতে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল কিছুটা বেড়েছিল। কিন্তু নতুন করে সহিংসতার আশঙ্কায় আবারও বাণিজ্যিক জাহাজ চলাচল ব্যাপকভাবে কমে গেছে। জাহাজ পর্যবেক্ষণকারী প্রতিষ্ঠান মেরিনট্রাফিকের তথ্য অনুযায়ী, শুক্রবার থেকে রোববার পর্যন্ত হরমুজ প্রণালি দিয়ে মাত্র ৫৭টি জাহাজ চলাচল করেছে। এর আগের সপ্তাহের তুলনায় এ সংখ্যা ৫০ শতাংশের বেশি কম। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানবিরোধী প্রথম হামলার আগে প্রতিদিন গড়ে প্রায় ১৩০টি জাহাজ এই প্রণালি দিয়ে চলাচল করত।

মূলাদীতে জুলাই শহীদ দিবস

মোঃ রাসেল মল্লিক, মুলাদী সাংবাদিক ইউনিয়ন সাধারণ সম্পাদক নজরুল ইসলাম সিকদার, সিনিয়র সহ-সভাপতি আব্দুর রশিদ হাওলাদার, অনলাইন প্রেসক্লাব সাধারণ সম্পাদক শামীম সরদার, সাংবাদিক ঐক্যকালাম পরিষদ সভাপতি মনিরুজ্জামান সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

জমি বিরোধে চাচাকে মারধর

এবং সৈয়দপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. লিটনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। অভিযুক্ত নুরউদ্দিন ঢাকার রমনা পুলিশ অফিসার্স মেসে জিম প্রশিক্ষক হিসেবে কর্মরত এবং তিনি দৌলতখান উপজেলার সৈয়দপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মৃত আলাউদ্দিনের ছেলে। প্রত্যক্ষদর্শী ও আহতরা জানান, পুলিশ সদস্য নুরউদ্দিন গ্রামের বাড়ি দৌলতখানে এসে তার চাচা লিটনের জমির গাছ কাটতে গেলে ওই বাড়ির লোকজন ও লিটন বাধা দেন। এতে ক্ষিপ্ত হয়ে নুরউদ্দিন তার সহযোগী মুহাইমিন শিকদার, সোহাগ, সজিব, সুজন মিলে লিটন ও সেলিমকে বেধড়ক মারধর করে। ওই বাড়ির বাসিন্দা আলাউদ্দিন মাস্টার অভিযোগ করে বলেন, গাছ কাটতে বাধা দেয়ায় নুরউদ্দিন তাকেও হুমকি দেয়। তবে অভিযুক্ত পুলিশ সদস্যের ভাই আল আমিন দাবি করেন, তার ভাই কয়েকদিন ধরে মানসিকভাবে অসুস্থ। এ ঘটনার জন্য তিনি সবার কাছে দুঃখ প্রকাশ করেন। হাসপাতালে চিকিৎসাধীন লিটন জানান, তাকে ও সেলিমকে লাঠি ও রড দিয়ে মারধর করা হয়েছে। এতে তাদের শরীরের বিভিন্ন অংশে গুরুতর জখম হয়। এ ঘটনায় তারা মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন। এ ব্যাপারে দৌলতখান থানার অফিসার ইনচার্জ (ওসি) ফখরুল ইসলাম বলেন, ঘটনার পরপরই অভিযুক্ত পুলিশ সদস্য নুরউদ্দিন ও তার সহযোগী মুহাইমিন শিকদারকে আটক করা হয়েছে। অভিযুক্ত পুলিশ সদস্যের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। মুহাইমিন মাদকের সঙ্গে জড়িত থাকায় তার বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

জমি লিখে না দেয়ায় বাবাকে

তার গায়ে হাত তুলতেও দ্বিধাবোধ করতো না। গত ১৩ জুলাই রাজিব তার পিতাকে তার নামে জমি লিখে বা জমি বিক্রি করে তাকে টাকা দিতে বলে। তিনি তা অস্বীকার করায় তাকে এলোপাতাড়ি কিল ঘুসি মেরে গুরুতর জখম করে। এসময় রাজিবের মা মোসাঃ তাসলিমা বেগম এগিয়ে আসলে তাকেও মারধর করে রাজিব। পরে পরিবারের অন্য সদস্যরা এসে তাকে উদ্ধার করে। পরবর্তীতে রাজিব নেশার টাকা জোগাড় করতে বসতঘরে রক্ষিত স্বর্নের চেইন ও মায়ের কানের দুল নিয়ে পালিয়ে যায়। রাজিবের বোন সৈয়দা মুন্নি আক্তার বলেন, আমার ভাই নিয়মিত নেশাজাতীয় দ্রব্য পান করে। সে শুধু আমার পিতা না আমার জন্মদাতা মা কেউ বিভিন্ন সময় টাকা পয়সা না পেয়ে মারধর করেছে। ইতোপূর্বে একাধিক বার এই কাজ করছে। সে আমাদের পরিবারের কারও কথা শুনতে চায় না। এখন নিরুপায় হয়ে বাবা থানায় এসে অভিযোগ দিয়েছেন। সর্বনাশা মাদকের কারনে আমাদের পরিবারটি আজ ধ্বংসের পথে। সে গত ১৩ তারিখ নেশার টাকা না পেয়ে বাবাকে জমি বিক্রি করতে বলে বাবা রাজি না হওয়ায় তাকে মারধর করেছে। নলছিটি থানা ওসি তৌহিদুজ্জামান সোহাগ জানান, সৈয়দ মোকছেদ আলী একজন বয়স্ক মানুষ। পরিবার থেকে যতটুকু জানতে পারলাম তিনি কয়েকবার স্ট্রোক করেছেন যার কারনে তিনি ভালোমতো হাঁটতে পারেন না। এরমধ্যে তার ছেলে তাকে আবার মারধর করে। আমরা একটি এজাহার পেয়ে ছেলে রাজিব হোসেন রাজুকে গ্রেফতার করেছি।

প্রধানমন্ত্রীর গাড়িবহর লক্ষ্য করে

ব্রিজ বাসস্ট্যান্ড এলাকায় ঘটনাটি ঘটে বলে জানান মাদারীপুরের পুলিশ সুপার হাবিবুর রহমান। ফেইসবুকে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, প্রধানমন্ত্রীকে বহনকারী বাসের সামনে ও পেছনে কয়েকটি নিরাপত্তার গাড়ি চলছিল। সড়কের দুপাশে কর্মী-সমর্থকেরা দাঁড়িয়ে ছিলেন। বাসের ভেতর থেকে হাত নেড়ে তাদের শুভেচ্ছা জানান তারেক রহমান। এ সময় বাসটির পেছনে থাকা তৃতীয় গাড়ির সামনে একটি ইটের টুকরো এসে পড়ে। মাদারীপুরের পুলিশ সুপার হাবিবুর রহমান বলেন, "ভিডিওটি ছড়িয়ে পড়ার পর পুলিশ, র‍্যাব ও বিভিন্ন গোয়েন্দা সংস্থা তদন্ত শুরু করে। তদন্তে দেখা গেছে, গাড়িবহর লক্ষ্য করে ইট নিক্ষেপের কোনো ঘটনা ঘটেনি। ভিডিওতে যে ইটের টুকরো দেখা গেছে, সেটি বহরের সামনে থাকা একটি গাড়ির চাকা থেকে ছিটকে এসেছিল।" তিনি বলেন, "বিষয়টি নিয়ে পুলিশ সদরদপ্তর সংবাদমাধ্যমকে বিস্তারিত জানাবে।" প্রধানমন্ত্রী তারেক রহমান সোমবার সকালে সড়কপথে ঢাকা থেকে বরিশালের উদ্দেশে রওনা হন। সকাল ১০টার কিছু আগে তিনি গৌরনদীর বাটাজোরে পৌঁছান। সেখানে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেওয়ার পর সন্ধ্যা সাড়ে ৬টার দিকে তিনি সড়কপথে বরিশাল ত্যাগ করেন।

মির্জাগঞ্জে ইয়াবাসহ

দেহ তল্লাশি করে ২৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়। পরে তাকে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। মির্জাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আবুল বাসার নামে একজনকে ইয়াবাসহ গ্রেফতার করে হস্তান্তর করেছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার তাকে আদালতের মাধ্যমে পটুয়াখালী কারাগারে পাঠানো হয়েছে।

নিউনেস ল্যাবরেটরি স্কুলের

প্রচেষ্টার ফল। তার মেধা, অধ্যবসায় ও মানবিক মূল্যবোধ ভবিষ্যতে আরও বড় সাফল্য বয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, রাইসা বড় হয়ে মানবকল্যাণে আত্মনিয়োগ করতে চায় এবং মানুষের সেবায় নিজেকে উৎসর্গ করার স্বপ্ন দেখে। এমন মহৎ চিন্তা ও লক্ষ্য নতুন প্রজন্মের জন্য অনুপ্রেরণার। বিদ্যালয় পরিবার বিশ্বাস করে, সে একদিন তার স্বপ্ন পূরণ করে দেশ ও সমাজের জন্য গুরুত্বপূর্ণ অবদান রাখবে। রাইসার এই অনন্য অর্জনে বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা তাকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। একই সঙ্গে তার উজ্জ্বল ভবিষ্যৎ, সুস্বাস্থ্য এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে সফলতা কামনা করে সকলের কাছে দোয়া চেয়েছেন বিদ্যালয় কর্তৃপক্ষ।

ঝালকাঠিতে যুবকের

পেয়ে পার্শবর্তী লোকজন ও পুলিশকে খবর দেয়। ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে নিহতের ময়না তদন্তের জন্য লাশ ঝালকাঠি সদর হাসপাতালে পাঠায়। নিহত অন্তর ঐ এলাকার নির্মাণ চন্দ্র দে তরুনীর ছেলে। মৃত্যুর কারণ সম্পর্কে বিভিন্ন ধরনের ধারণা থাকলেও এখনই কোনো নির্দিষ্ট সিদ্ধান্তে পৌঁছানো যাচ্ছে না। প্রকৃত কারণ নিশ্চিত করতে তদন্ত করছে পুলিশ। সদর থানার ওসি মাহমুদ হোসেন বলেন, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর সঠিক কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। আপাততো একটি অপমৃত্যু মামলা রুজু করা হচ্ছে।

এক মাসেই জলে গেল

২০ লাখ ১১ হাজার ৫৯১ টাকা) সম্পন্ন হয়। এলাকাবাসীর প্রত্যাশা ছিল, নতুন সড়কটি নির্মিত হওয়ায় তাদের দীর্ঘদিনের যোগাযোগ সংকটের অবসান ঘটবে। তবে কাজ শেষ হওয়ার অল্প সময়ের মধ্যেই সড়কের একটি অংশ ধসে পড়ায় সেই আশা হতাশায় পরিণত হয়েছে। বাবলু মাঝি ও এলাকাবাসীর অভিযোগ, নির্মাণকাজে নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার, প্রয়োজনীয় মাটি ভরাট ও কম্প্যাকশন না করা এবং যথাযথ তদারকির অভাবের কারণেই এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তাদের দাবি, নির্মাণকাজ চলাকালে একাধিকবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হলেও কার্যকর কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। স্থানীয় বাসিন্দা মাওলানা নুরুল করীম জানান, এলাকার এ সড়কটি কুতুবা ইউনিয়নের অন্যতম গুরুত্বপূর্ণ যোগাযোগ মাধ্যম। প্রতিদিন শত শত সাধারণ মানুষ, শিক্ষার্থী, ব্যবসায়ী এবং বিভিন্ন ধরনের যানবাহন এ পথ ব্যবহার করে। বর্ষা মৌসুম শুরু হওয়ায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে সড়কটির আরও বিস্তীর্ণ অংশ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে, যা জনদুর্ভোগকে চরম আকারে পৌঁছে দিতে পারে। উপজেলা সড়ক প্রকৌশল মাঈদুল ইসলাম মতে, জলাশয়ের পাশ দিয়ে সড়ক নির্মাণের ক্ষেত্রে মাটির ধারণক্ষমতা, ঢালের স্থিতিশীলতা, পানির কারণে মাটি ক্ষয়ের ঝুঁকি এবং প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা বিবেচনায় রেখে নকশা প্রণয়ন করা হয়। প্রয়োজন অনুযায়ী রিটেইনিং ওয়াল, গাইড ওয়াল বা অন্য প্রতিরোধমূলক কাঠামো রাখা হয়। তবে কোনো প্রকল্পে এসব ব্যবস্থা প্রয়োজন ছিল কি না, তা নির্ভর করে অনুমোদিত নকশা ও কারিগরি বিশ্লেষণের ওপর। সড়ক ধসের ঘটনায় এলাকাজুড়ে ক্ষোভ বিরাজ করছে। স্থানীয়রা অবিলম্বে ঘটনাটির নিরপেক্ষ তদন্ত, দায়ীদের জবাবদিহির আওতায় আনা এবং ক্ষতিগ্রস্ত অংশসহ পুরো সড়কটি টেকসই ও মানসম্মতভাবে পুনঃসংস্কারের দাবি জানিয়েছেন। জনস্বার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত ও কার্যকর হস্তক্ষেপ কামনা করেছেন এলাকাবাসী।

শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে

(ওসি) মো. মাহমুদ হাসান ঘটনাস্থলে গিয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। তিনি তাদের দাবি-দাওয়া ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়ার আশ্বাস দিলে শিক্ষার্থীরা সড়ক থেকে ব্যারিকেড সরিয়ে নেন। এরপর ধীরে ধীরে যান চলাচল স্বাভাবিক হয়। আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে গণমাধ্যমকে জানানো হয়, সরকারের উচ্চপর্যায়ে এ বিষয়ে কী সিদ্ধান্ত নেওয়া হয় তা পর্যবেক্ষণের জন্য তারা আগামী ২৪ ঘণ্টার জন্য কর্মসূচি স্থগিত রেখেছেন। তবে এ সময়ের মধ্যে কোনো ইতিবাচক সিদ্ধান্ত না এলে বুধবার পরীক্ষা শেষে দুপুর থেকে পুনরায় আন্দোলনে নামার ঘোষণা দেন তারা। শিক্ষার্থীদের এ কর্মসূচির কারণে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সাময়িক যানজটের সৃষ্টি হলেও আইনশৃঙ্খলা বাহিনীর তৎপরতা এবং আন্দোলনকারীদের সড়ক ছেড়ে দেওয়ার পর পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসে।

কাউখালীতে দুর্যোগে ক্ষতিগ্রস্ত

করে মোট ১০ মেট্রিক টন জিআর চাল প্রদান করা হয়। চাল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কাউখালী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এইচ এম দ্বীন মোহাম্মদ। সয়না রঘুনাথপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রুস্তম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ও ট্যাগ অফিসার মোঃ ফয়সাল খান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম রফিক, উপজেলা যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান মামুন, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জাহিদুর রহমান ফিরোজ এবং সদস্য সচিব রাকিব তালুকদার। এছাড়াও সয়না রঘুনাথপুর ইউনিয়ন বিএনপির সভাপতি নজরুল ইসলাম তালুকদার, সাধারণ সম্পাদক হুমায়ুন কবির সিকদার, বিএনপি নেতা নজির হোসেন, আনিস শিকদার, সিরাজ দর্জিসহ স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এইচ এম দ্বীন মোহাম্মদ বলেন, মাননীয় গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মঞ্জুর মহোদয়ের নির্দেশনায় আমরা সয়না রঘুনাথপুর ইউনিয়নের প্রকৃত ক্ষতিগ্রস্ত ও অসহায় মানুষের হাতে সরকারি এই খাদ্য সহায়তা পৌঁছে দিয়েছি। বর্তমান সরকার ও আমাদের সংসদ সদস্য সবসময় সাধারণ মানুষের সুখে-দুঃখে পাশে আছেন। কোনো দুর্যোগেই কাউকে অনাহারে থাকতে দেওয়া হবে না। এই বিতরণ প্রক্রিয়া সম্পূর্ণ স্বচ্ছতার সাথে সম্পন্ন হয়েছে এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে। ইউপি প্যানেল চেয়ারম্যান রুস্তম আলী বলেন, প্রাকৃতিক দুর্যোগে এই ইউনিয়নের অনেক মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। সুষ্ঠু ও সুন্দর পরিবেশে ১ হাজার পরিবারের মাঝে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে আমরা প্রকৃত দুস্থদের তালিকা তৈরি করেছিলাম, যাতে প্রকৃত ভুক্তভোগীরাই এই সরকারি সুবিধা পান। সঠিক সময়ে এই চাল পেয়ে সাধারণ মানুষের মুখে হাসি ফুটেছে। ত্রাণ নিতে আসা সয়না রঘুনাথপুর ইউনিয়নের এক ভুক্তভোগী আলী হোসেন ও জাহানারা বেগম আবেগাপ্লুত হয়ে বলেন, ঝড়-বৃষ্টির কারণে গত কয়েকদিন ধরে ঘরে ঠিকমতো খাবার ছিল না। কাজকামও বন্ধ আছিল। ১০ কেজি চাইল পাইয়া অনেক উপকার হইলো। ঘরের পোলাপান লইয়া কয়দিন শান্তিতে খাইতে পারমু। আমাগো মতো গরিবের পাশে দাঁড়ানোর জন্য মন্ত্রী মহোদয় ও আমাদের দ্বীন মোহাম্মদ ভাইকে আল্লাহ ভালো করুক।

বরিশালে এরশাদের ৭ম

হুসেইন মুহাম্মদ এরশাদের বিদেহী আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও বরিশাল বিভাগীয় অতিরিক্ত মহাসচিব ইঞ্জিনিয়ার ইকবাল হোসেন তাপস। তিনি তাঁর বক্তব্যে পল্লীবন্ধু এরশাদের রাষ্ট্র পরিচালনায় অবদান স্মরণ করেন এবং তাঁর আদর্শ বাস্তবায়নে দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও বরিশাল মহানগর জাতীয় পার্টির আহ্বায়ক অধ্যাপক মহসিন-উল ইসলাম হাবুল। এ সময় উপস্থিত ছিলেন জাতীয় পার্টির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও বরিশাল জেলা জাতীয় পার্টির সদস্য সচিব অ্যাডভোকেট জলিল, মোঃ রফিকুল ইসলাম গফুরসহ জেলা ও মহানগর জাতীয় পার্টি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের জাতীয় শ্রমিক পার্টি, জাতীয় যুব সংহতি, জাতীয় ছাত্র সমাজসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনির্দিষ্টকালের ধর্মঘটে কর্মচারীরা, পটুয়াখালীতে ডাকসেবা ব্যাহত

পটুয়াখালী প্রতিনিধি

চলতি মাসের ৬ তারিখ থেকে শুরু হওয়া এ কর্মসূচির কারণে জেলার বিভিন্ন এলাকায় ডাকসেবা ব্যাহত হচ্ছে। এতে চিঠিপত্র, সরকারি নথি ও বিভিন্ন ডাকসেবা গ্রহণে ভোগান্তিতে পড়ছেন সাধারণ মানুষ। মঙ্গলবার (১৪ জুলাই) সকাল ১১টায় পটুয়াখালী সার্কিট হাউস প্রাঙ্গণ থেকে একটি বিক্ষোভ র?্যালি বের করা হয়। র?্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে আন্দোলনের দাবিগুলো তুলে ধরেন নেতারা। বক্তারা জানান, পটুয়াখালী জেলায় প্রায় ৮ শতাধিক শাখা ডাকঘর কর্মচারী রয়েছেন। তাদের বঞ্চিত করা হচ্ছে। তারা সরকারের কাজ করলেও সরকারি সুযোগ-সুবিধা পান না। ডাকঘর কর্মচারী ইউনিয়নের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বলেন, আমাদের চাকরিতে দীর্ঘদিন ধরে বৈষম্য করা হচ্ছে। একই ধরনের কাজ করেও ভিন্ন নিয়মে চাকরি করতে হচ্ছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বৈষম্যহীন বাংলাদেশ গড়ার স্বার্থে আমাদের ন্যায্য দাবি বাস্তবায়ন করতে হবে। তিনি আরও বলেন, আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পাশাপাশি সরকারের কাছে আমাদের দাবি দ্রুত বাস্তবায়নের আহ্বান জানাচ্ছি।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৫ জুলাই ২০২৬ ॥ ৩০ আষাঢ় ১৪৩৩

হরমুজ প্রণালি নিয়ে উদ্বেগ, ফের জ্বালানি তেলের বাজারে অস্থিরতা

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে সামরিক উত্তেজনা তৃতীয় দিনে গড়ানোর পর আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম এক মাসের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে উঠেছে। গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে স্বাভাবিক বাণিজ্যিক নৌ ৩ এর পাতায় দেখুন

মোজতবা খামেনি ৯০ শতাংশ শেষ, দাবি ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানের শীর্ষ সামরিক নেতৃত্ব কার্যত ধ্বংস হয়ে গেছে এবং দেশটির প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির ছেলে ও উত্তরসূরি মোজতবা খামেনিও ৯০ শতাংশ শেষ। ফক্স নিউজকে ৩ এর পাতায় দেখুন

খাল দখল, কালভার্টের মুখে বালুর বাঁধ জলাবদ্ধতায় দুর্ভোগে আমতলীর মানুষ

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী পৌর শহরের বাঁধঘাট এলাকার চাওড়া ও বাসুগী খাল দখল করে স্থানীয় প্রভাবশালী ব্যক্তি ও ব্যবসায়ীরা সহস্রাধিক অবৈধ স্থাপনা নির্মাণ করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ছাড়া চৌরাস্তা এলাকার একটি কালভার্টের মুখ বালুর বস্তা দিয়ে আটকে দেওয়ায় খালের স্বাভাবিক পানিপ্রবাহ ব্যাহত হচ্ছে। এতে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে খালের দুই পাড়ের লক্ষাধিক মানুষ দুর্ভোগে পড়েছেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বছরের পর বছর এ সমস্যা চললেও কার্যকর কোনো পদক্ষেপ নেয়নি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। তাদের দাবি, কালভার্টের মুখ থেকে বালুর বস্তা সরিয়ে পানিপ্রবাহ স্বাভাবিক করা, খালের দুই পাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং খাল পুনঃখনন করা হোক। স্থানীয় সূত্রে জানা যায়, ১৯৮০ সালে আমতলী উপজেলা শহর রক্ষায় চাওড়া খালের ওপর একটি ক্লোজার নির্মাণ করা হয়। এরপর থেকেই খালের স্বাভাবিক পানিপ্রবাহ ব্যাহত হতে থাকে। এর ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় একীভূত হতে পারে ২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় একীভূত হতে পারে ২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। সম্প্রতি উপজেলা মাসিক আইন-শৃঙ্খলা সভা এবং উপজেলা পরিষদের সাধারণ সভায় এ তথ্য তুলে ধরেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. বদিউজ্জামান। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আদেশ মোতাবেত প্রথমিক শিক্ষার মানউন্নয়নে দেশের যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০-৫০জনের কম শিক্ষার্থী রয়েছে সে সকল বিদ্যালয়কে পার্শ্ববর্তী বিদ্যালয়ের সাথে একীভূত করার চিন্তা করছে সরকার। এতে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলায় ১৬৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৪টি ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় স্লুইস ধ্বসে সাত গ্রাম পানিবন্দি ৭শ একর ফসলি জমি পানির নিচে

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়া উপজেলার হাজীপুর এলাকায় সোনাতলা নদীর প্রবল স্রোতে সদরপুরের তিন ভেন্টবিশিষ্ট স্লুইস রাস্তাসহ ধ্বসে পড়েছে। এতে পানি নিষ্কাশন ব্যবস্থা ভেঙে পড়ায় সাতটি গ্রাম প্লাবিত হয়েছে। প্রায় ৭০০ একর ফসলি জমি পানির নিচে তলিয়ে গেছে এবং পানিবন্দি হয়ে পড়েছেন প্রায় চার হাজার পরিবারের হাজারো মানুষ। একই সঙ্গে বিচ্ছিন্ন হয়ে পড়েছে ওই এলাকার সরাসরি সড়ক যোগাযোগ। স্থানীয় সূত্রে জানা গেছে, হাজীপুর এলাকায় সোনাতলা ও আন্ধারমানিক নদীর সংযোগস্থল এবং সাগরমোহনা-সংলগ্ন জনপদকে জলোচ্ছ্বাস থেকে রক্ষায় হাজীপুর সেতু থেকে জালালপুর পর্যন্ত একটি বেড়িবাঁধ ৩ এর পাতায় দেখুন

প্রমত্তা-তেঁতুলিয়ার ক্রমাগত ভাঙনে বদলে যাচ্ছে পটুয়াখালীর 'মানচিত্র'

পটুয়াখালী প্রতিনিধি
প্রমত্তা-তেঁতুলিয়া নদীর ক্রমাগত ভাঙনে মানচিত্র থেকে বিলীনের পথে দশমিনার সদর ইউনিয়নের কয়েকটি গ্রাম। জমিজমা ঘরবাড়ি হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন এলাকাবাসী। সহায়তা নয় টেকসই বেড়িবাঁধ নির্মাণের দাবি জানিয়েছেন তারা। জানা যায়, পটুয়াখালী দশমিনা উপজেলার সদর ইউনিয়নের তেঁতুলিয়া ৩ এর পাতায় দেখুন

মধ্যরাতে বাজারে আগুন পুড়ে ছাই ৩০ দোকান

পাথরঘাটা প্রতিনিধি
বরগুনার পাথরঘাটায় বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২৫ থেকে ৩০টি ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে গেছে। সোমবার (১৩ জুলাই) দিবাগত রাত ২টা ২০ মিনিটে পাথরঘাটা উপজেলার রায়হানপুর ইউনিয়নের লেমুয়া এলাকার একটি বাজারে এ এ ঘটনা ঘটে। পরে স্থানীয়দের সহযোগিতায় প্রায় আড়াই ঘণ্টার চেষ্টায় ফায়ার সার্ভিসের তিনটি ইউনিটের সমন্বয়ে আগুন নিয়ন্ত্রণে ৩ এর পাতায় দেখুন

এক মাসেই জলে গেল কোটি টাকার সড়ক

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিন উপজেলার কুতুবা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাবলু মাঝির দোকান থেকে মানিক হাওলাদারের দোকান পর্যন্ত গুরুত্বপূর্ণ সড়কটি সংস্কারের মাত্র এক মাসের মধ্যেই ধসে পড়েছে। (১ কোটি ২০ লাখ ১১ হাজার ৫৯১ টাকা) ব্যয়ে নির্মিত সড়কের একাংশ সামান্য বৃষ্টিতেই ভেঙে যাওয়ায় নির্মাণকাজের মান নিয়ে এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভ ও উদ্বেগ সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিনের ভোগান্তি নিরসনে সড়কটির সংস্কারকাজ গত ১০ জুন ২০২৬ তারিখে (প্রায় ১ কোটি ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি শহরের কাঁসারিপট্টি এলাকায় অন্তর দে নামের ২৪ বছর বয়সী এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার দুপুরে পৌর এলাকার কাশারীপট্টিস্থ নিজ বাসা থেকে ঐ যুবকের মরদেহটি উদ্ধার করেছে পুলিশ। নিহতের প্রতিবেশী ও স্বজনরা জানিয়েছে, 'পরিবারের সদস্যরা ঘরের সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় অন্তরকে দেখতে ৩ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর গাড়িবহর লক্ষ্য করে ইট ছোড়া হয়নি, বলছে পুলিশ

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমানের বরিশাল যাওয়ার পথে তার গাড়িবহরের একটি গাড়ির সামনে ইটের টুকরা এসে পড়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওটি ঘিরে ইট নিক্ষেপের দাবি উঠলেও তদন্ত শেষে পুলিশ বলছে, এমন কোনো ঘটনা ঘটেনি। পুলিশের দাবি, বহরের সামনে থাকা একটি গাড়ির চাকা থেকে ছিটকে আসা ইটের টুকরোটি ওই গাড়ির সামনে এসে পড়েছিল। সোমবার সকাল সাড়ে ৮টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুরের সাধুর ৩ এর পাতায় দেখুন

মূলাদীতে জুলাই শহীদ দিবস ও জুলাই গণঅভ্যুত্থান দিবস পালন উপলক্ষ্যে সভা

মুলাদী প্রতিনিধি
মূলাদীতে ১৬ জুলাই, জুলাই শহীদ দিবস ও ৫আগষ্ট গণঅভ্যুত্থান দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন। গতকাল মঙ্গলবার বেলা ১২টায় মুলাদী উপজেলা পরিষদ হলরুম উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ গোলাম সারোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি পরাগ সাহা, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুল ইসলাম, থানা অফিসার ইন চার্জ সোহেল রানা, উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ন আহবায়ক অধ্যক্ষ আমিদুর রহমান হুমায়ন, পৌরসভা বিএনপির আহবায়ক এনামুল হক ইনু, উপজেলা জামায়াত ইসলামী সেক্রেটারী ডাক্তার মাওলানা মোঃ মোরশেদ আলম, সহকারি সেক্রেটারি মাওলানা মোতালেব হোসেন, মুলাদী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যাপক মির্জা সারোয়ার, মুলাদী সরকারি মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ নাসির উদ্দিন হাওলাদার, আলরাজি ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ আব্দুল আহাদ ভুইয়া, মুলাদী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রোকনুজ্জামান মোল্লা, মুলাদি রিপোর্টার্স ইউনিটির সভাপতি ৩ এর পাতায় দেখুন

বরিশালে এরশাদের ৭ম মৃত্যুবার্ষিকী পালিত

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে পালিত হয়েছে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা, সাবেক রাষ্ট্রপতি ও পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদের ৭ম মৃত্যুবার্ষিকী। এ উপলক্ষ্যে সোমবার নগরীর কীর্তনখোলা অডিটোরিয়ামে বরিশাল মহানগর ও জেলা জাতীয় পার্টির উদ্যোগে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত, মিলাদ ও বিশেষ মোনাজাতের মাধ্যমে প্রয়াত রাষ্ট্রপতি পল্লীবন্ধু ৩ এর পাতায় দেখুন

নিউনেস ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থী রাইসার সরকারি বৃত্তি অর্জন

কীর্তনখোলা রিপোর্ট
২০২৫ সালের ৮ম শ্রেণির সরকারি বৃত্তি পরীক্ষায় সাধারণ গ্রেডে বৃত্তি অর্জন করে গৌরব বয়ে এনেছে বরিশালের নিউনেস ল্যাবরেটরি স্কুলের মেধাবী শিক্ষার্থী রাইসা। তার এই কৃতিত্বে বিদ্যালয়জুড়ে আনন্দের পরিবেশ বিরাজ করছে। রাইসার এ সাফল্য বিদ্যালয়ের সাফল্যের মুকুটে আরও একটি উজ্জ্বল পালক যুক্ত করেছে বলে মনে করছেন শিক্ষক ও অভিভাবকরা। বিদ্যালয়ের প্রিন্সিপাল মো. আতিকুল্লাহ জানান, ২০২৫ সালের ৮ম শ্রেণির সরকারি বৃত্তি পরীক্ষায় সাধারণ গ্রেডে রাইসার বৃত্তি অর্জন নিউনেস ল্যাবরেটরি স্কুল পরিবারের জন্য অত্যন্ত গর্বের বিষয়। তিনি বলেন, রাইসার এই সাফল্য শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের সম্মিলিত ৩ এর পাতায় দেখুন

জমি লিখে না দেয়ায় বাবাকে মারধর, ছেলে গ্রেফতার

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে জমি লিখে না দেওয়ায় বাবাকে মারধর করার ঘটনায় ছেলের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন ভুক্তভোগী পিতা। এরমধ্যে ছেলেকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (১৪ জুলাই) সকালে নলছিটির সিদ্ধকাঠি ইউনিয়নের তেওলা এলাকার বাসিন্দা সৈয়দ মোকছেদ আলী (৮০) নলছিটি তার পুত্র মো. রাজিব হোসেন রাজুর বিরুদ্ধে এ অভিযোগ দায়ের করেন। এজাহার সূত্রে জানা যায়, সৈয়দ মোকছেদ আলীর ছোট ছেলে মো. রাজিব হোসেন রাজু (৩০) বিভিন্ন নেশা জাতীয় দ্রব্য পান করে বিভিন্ন সময় বসতঘরে গভীর রাতে এসে অকথ্য ভাষায় গালিগালাজ করত কেউ প্রতিবাদ করলে ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চাল বিতরণ

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালী উপজেলায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুস্থ ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে সরকার। উপজেলার সয়না রঘুনাথপুর ইউনিয়নের বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ১ হাজার পরিবারের মাঝে সরকারি জিআর (ত্রাণ) চাল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (১৪ জুলাই) সকাল সাড়ে ১০টায় সয়না রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ কার্যালয় প্রাঙ্গণে এই চাল বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মঞ্জুরের সার্বিক সহযোগিতায় এ ত্রাণ কার্যক্রম পরিচালিত হয়। অনুষ্ঠানে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে ১০ কেজি ৩ এর পাতায় দেখুন

মির্জাগঞ্জে ইয়াবাসহ ছাত্রদল নেতা গ্রেফতার

মির্জাগঞ্জ প্রতিনিধি
মির্জাগঞ্জে ২৫ পিস ইয়াবাসহ এক ছাত্রদল নেতাকে গ্রেফতার করেছে পটুয়াখালী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। সোমবার দিবাগত রাতে উপজেলার কাঁকড়াবুনিয়া ইউনিয়নের দক্ষিণ গাবুয়া গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। ওই ছাত্রদল নেতার নাম মো. আবুল বাশার (৩০)। তিনি কাঁকড়াবুনিয়া ইউনিয়ন ছাত্রদলের সভাপতি প্রার্থী ও দক্ষিণ গাবুয়া গ্রামের মো. আব্দুর রহিমের ছেলে। তিনি ছাত্রদলের রাজনীতির সঙ্গে জড়িত। পটুয়াখালী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক মো. রাকিবুল ইসলাম রাসেল জানান, আবুল বাশার দীর্ঘদিন ধরে মাদক বিক্রির সঙ্গে জড়িত। পুলিশ ও প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে মাদক বিক্রি করত। গোপন সংবাদের ভিত্তিতে তার ঘরে অভিযান চালননো হয়। এ সময় তার ৩ এর পাতায় দেখুন

জমি বিরোধে চাচাকে মারধর করে আটক পুলিশ সদস্য

ভোলা প্রতিনিধি
ভোলার দৌলতখানে জমি সংক্রান্ত বিরোধে হামলার ঘটনায় নুরউদ্দিন নামে এক পুলিশ সদস্যকে আটক করেছে দৌলতখান থানা পুলিশ। একই ঘটনায় মুহাইমিন শিকদার নামে তার এক সহযোগীকেও আটক করা হয়েছে। সোমবার (১৩ জুলাই) সন্ধ্যার পর দৌলতখান পৌর এলাকায় হামলার ঘটনা ঘটে। হামলায় আহত দৌলতখান পৌরসভা ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. সেলিম ৩ এর পাতায় দেখুন

শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে ঝালকাঠিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

ঝালকাঠি প্রতিনিধি
দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যেও এইচএসসি ও সমমানের পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষার্থীদের নিয়ে শিক্ষামন্ত্রীর মন্তব্যের প্রতিবাদে ঝালকাঠিতে বিক্ষোভ মিছিল ও ঘণ্টাব্যাপী সড়ক অবরোধ করেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (১৪ জুলাই) বিকেল ৪টার দিকে শহরের ফায়ার সার্ভিস মোড়ে এ কর্মসূচি শুরু হয়। বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থীরা ফায়ার সার্ভিস মোড়ে অবস্থান নিয়ে প্রায় এক ঘণ্টা সড়ক অবরোধ করে রাখেন। এতে শহরের চারটি গুরুত্বপূর্ণ সড়কে যান চলাচল ব্যাহত হয় এবং বিভিন্ন ধরনের যানবাহন দীর্ঘ সময় আটকা পড়ে। তবে আন্দোলনরত শিক্ষার্থীরা মানবিক দিক বিবেচনায় রোগীবাহী অ্যাম্বুলেন্স ও জরুরি সেবার যানবাহন চলাচলের সুযোগ দেন। এ সময় শিক্ষার্থীরা শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে বিভিন্ন স্লোগান দেন। তাদের স্লোগানের মধ্যে ছিল 'এক দফা, এক দাবি, শিক্ষামন্ত্রীর পদত্যাগ' এবং 'তুমি কে, আমি কে, ব্রয়লার, ব্রয়লার'। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঝালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com